# আচরণ বিধি এবং ডিস্ট্রিক্ট-ব্যাপী নিরাপত্তা পরিকল্পনা

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) এটা নিশ্চিত করতে প্রতিশ্রুত যে, আমাদের স্কুলগুলোতে নিরাপদ, সুরক্ষিত, ও শৃঙ্খলাপূর্ণ পরিবেশ বজায় রয়েছে যেখানে শিক্ষার্থীরা তাদের উচ্চ শিক্ষায়তনিক মান পূরণ করতে পারে, শিক্ষকগণ সেই লক্ষ্য অর্জনে শিক্ষাদান করতে পারেন, এবং তাদের ছেলেমেয়েরা একটি নিরাপদ এবং ইতিবাচক স্কুল পরিবেশে শিক্ষা লাভ করছে এবিষয়ে পিতামাতাগণ নিশ্চিত থাকতে পারেন। একটি নিরাপদ ও সহায়ক স্কুল গড়ে ওঠা নির্ভর করে স্কুল কমিউনিটির সকল সদস্য একে অন্যকে পারস্পরিক শ্রদ্ধা প্রদর্শনের প্রচেষ্টার উপর।

স্টেটের আইন আবশ্যক করে যে DOE একটি ডিস্ট্রিক্ট-ব্যাপী সুরক্ষা পরিকল্পনা করবে যা জরুরি পরিস্থিতি মোকাবেলা ও সঙ্কটকালীন হস্তক্ষেপ, এবং শিক্ষার্থীদের আচরণ পরিচালনার জন্য একটি আচরণ বিধি অন্তর্ভুক্ত করে। এছাড়া, প্রতিটি স্কুলকে অবশ্যই একটি বিল্ডিং পর্যায়ে সুরক্ষা পরিকল্পনা তৈরি করতে হবে, যা দর্শনার্থী নিয়ন্ত্রণ, জরুরি পরিস্থিতির কারণে শিক্ষার্থী অপসারণ, এবং অন্যান্য স্কুল-নির্দিষ্ট জরুরি পরিস্থিতির প্রক্রিয়া সহ বিল্ডিংয়ের সুরক্ষা প্রক্রিয়া প্রতিষ্ঠা করে।

আচরণ-বিধি (কোড অভ কন্ডাক্ট) এবং ডিস্ট্রিক্ট-ব্যাপী সুরক্ষা পরিকল্পনাটি (ডিস্ট্রিক্ট-ওয়াইড সেফটি প্ল্যান) ডিস্ট্রিক্ট-ব্যাপী নিরাপত্তা দলের (সেফটি টিম) মতামত এবং সুপারিশের প্রতিফলন করে, যার গঠন নিচে বর্ণিত হলো।

DOE-এর আচরণ-বিধি এবং ডিস্ট্রিক্ট-ব্যাপী সুরক্ষা পরিকল্পনার মুখ্য অংশগুলো নিচে আলোচিত হয়েছে। এই নথির শেষে উল্লেখ করা চ্যান্সেলরের প্রবিধানসমূহ এবং অন্যান্য নীতি বিষয়ক নথিপত্রে আরও তথ্য পাওয়া যাবে।

## 1 - ডিস্ট্রিক্ট-ব্যাপী স্কুলের নিরাপত্তা পরিকল্পনা:

একটি নিরাপদ ও সুশৃঙ্খল শিক্ষা পরিবেশ বজায় রাখার লক্ষ্যে এই পরিকল্পনা DOE-এর বিভিন্ন নীতি ও প্রক্রিয়া অন্তর্ভুক্ত করে। এই পরিকল্পনায় উল্লেখিতের জন্য নীতি ও প্রক্রিয়া অন্তর্ভুক্ত রয়েছে: সহিংসতা অথবা অন্যান্য অপরাধমূলক আচরণ রোধের জন্য ব্যবস্থা গ্রহণ; পিতামাতাদের সাথে যোগাযোগ ও অবহিত করা; এবং আইন প্রয়োগকারী কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা ও তাদের জানানো। এই পরিকল্পনায় আরও রয়েছে: সম্ভাব্য সহিংস আচরণ শনাক্ত করার জন্য বিভিন্ন কৌশল; হস্তক্ষেপ ও প্রতিরোধের বিভিন্ন কৌশল; শিক্ষার্থীদের নিজেদের মাঝে এবং শিক্ষার্থী ও স্কুলের স্টাফদের মাঝে যোগাযোগ উন্নত করার বিভিন্ন কৌশল; স্কুলের সুরক্ষা কর্মীদের ভূমিকা ও দায়-দায়িত্ব; স্কুলের সুরক্ষা কর্মীদের প্রশিক্ষণ; স্কুলের বিল্ডিংয়ের নিরাপত্তা ও নিরাপত্তামূলক সরঞ্জাম; জরুরি পরিস্থিতি মোকাবেলার নিয়ম-কানুন; স্টাফ ও শিক্ষার্থীদের নিরাপত্তা প্রশিক্ষণ - এতে অন্তর্ভুক্ত জরুরি পরিস্থিতি মোকবেলার নিয়ম-কানুনের উপর প্রশিক্ষণ এবং এসব নিয়ম-কানুন ও পরিকল্পনার অন্যান্য অংশ পরীক্ষা করার জন্য মহড়া ও অন্যান্য অনুশীলন।

DOE একজন চিফ ইমার্জেন্সি অফিসার এবং তার অনুপস্থিতিতে পরিষেবা প্রদান করার জন্য একজন ডেপুটি নিয়োগ দেয়। চিফ ইমার্জেন্সি অফিসারের দায়িত্ব উল্লেখিত বিষয়গুলো সমন্বয় করা: স্টাফ এবং আইন প্রয়োগকারী ও অন্যান্য প্রথম সাড়াদানকারীদের মাঝে যোগাযোগ; ডিস্ট্রিক্ট-ব্যাপী সুরক্ষা পরিকল্পনার বার্ষিক পর্যালোচনা ও হালনাগাদকরণ; জরুরি পরিস্থিতিতে সাড়াদান পরিকল্পনাসহ স্কুলের সুরক্ষা পরিকল্পনা সম্পন্ন করা যা ডিস্ট্রিক্ট-ব্যাপী সুরক্ষা পরিকল্পনার সাথে সমন্বিত ও সামঞ্জস্যপূর্ণ; বিল্ডিং পর্যায়ে নিরাপত্তা ও প্রযুক্তি; স্টাফ ও শিক্ষার্থীদের জন্য নিরাপত্তা, সুরক্ষা ও জরুরি অবস্থার প্রশিক্ষণ; এবং জরুরি পরিস্থিতিতে সাড়াদান মহড়া।

চিফ ইমার্জেন্সি অফিসার ডিস্ট্রিক্ট-ভিত্তিক সেফটি টিমের সাথে একসাথে ডিস্ট্রিক্ট-ব্যাপী নিরাপত্তা পরিকল্পনার (ডিস্ট্রিক্ট-ওয়াইড সেফটি প্ল্যান) বার্ষিক ভিত্তিতে পর্যালোচনা করেন। চিফ ইমার্জেন্সি অফিসার হলেন মার্ক রামপারস্যান্ট (Mark Rampersant)। ~~তার অনুপস্থিতিতে, জে ফাইন্ডলিং (Jay Findling) এই ভূমিকা পালন করবেন।~~

## ডিস্ট্রিক্ট-ব্যাপী সেফটি টিম:

ডিস্ট্রিক্ট-ব্যাপী সেফটি টিমে DOE-এর বিভিন্ন এজেন্সি ও ডিভিশনের প্রতিনিধি রয়েছেন, এতে অন্তর্ভুক্ত:

- প্যানেল অন এডুকেশনাল পলিসি (PEP)
- ইউনাইটেড ফেডারেশন অভ টিচার্স (UFT)
- কাউন্সিল অভ সুপারভাইজারস্ অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেটরস্ (CSA)
- DOE-এর অফিস অভ ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এমপাওয়ারমেন্ট (FACE)

- নিউ ইয়র্ক সিটি ইমার্জেন্সি ম্যানেজমেন্ট (NYCEM)
- নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট (NYPD) - স্কুল সেফটি ডিভিশন (SSD)
- ~~FDNY~~
- নিউ ইয়র্ক সিটি ফায়ার ডিপার্টমেন্ট (FDNY)
- DOE চ্যান্সেলরের অফিস অভ সেফটি অ্যান্ড প্রিভেনশন পার্টনারশিপস্ (OSPP)
- DOE-এর অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট (OSYD)
- DOE-এর ডিভিশন অভ স্কুল ফ্যাসিলিটিজ (DSF)
- DOE-এর অফিস অভ ইমার্জেন্সি প্ল্যানিং অ্যান্ড রেসপন্স
- DOE-এর অফিস অভ স্কুল হেলথ্ (OSH)
- DOE-এর অফিস অভ লিগ্যাল সার্ভিসেস্ (OLS)
- DOE-এর অফিস অভ পিউপল ট্র্যান্সপোর্টেশন (OPT)
- NYC ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH)

### a) সাড়াদানের সাধারণ নিয়ম-কানুন (জেনারেল রেসপন্স প্রোটোকল, GRP):

নিচে উল্লেখিত লকডাউন, ইভাক্যুয়েশন (অপসারণ), হোল্ড, শেল্টার-ইন (স্বস্থানে আশ্রয় গ্রহণ) পরিচালনার জন্য স্কুলগুলোকে অবশ্যই জরুরি পরিস্থিতিতে সাড়াদানের নিয়ম-কানুন অনুসরণ করতে হবে। প্রতিটি নিয়ম-কানুনের সুনির্দিষ্ট কর্মী এবং শিক্ষার্থীর করণীয় রয়েছে যা প্রতিটি সাড়াদানের ক্ষেত্রে অনন্য। এই পদক্ষেপগুলো স্কুলগুলো প্রথম সাড়াদানকারী না আসা পর্যন্ত গ্রহণ করে। চারটি নিয়ম-কানুনের সবগুলোর জন্য অবশ্যই 911 নম্বরে ফোন করতে হবে। যদি প্রিন্সিপাল/মনোনীত ব্যক্তি ফোন না করেন, তবে চ্যান্সেলরের প্রবিধান A-412, যা ~~নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট (NYPD)~~NYPD এবং 911 নম্বরে যোগাযোগ সম্পর্কিত নীতি ও প্রক্রিয়া ধার্য করে, সেই অনুযায়ী তাদেরকে অবশ্যই অবিলম্বে ফোন করার পরামর্শ দিতে হবে (নিচে মুখ্য নথি বা ডক্যুমেন্ট দেখুন)।

স্কুলের অভ্যন্তরে অথবা এর পার্শ্ববর্তী কমিউনিটির মাঝে, উভয় স্থানেই বিভিন্ন ধরনের জরুরি পরিস্থিতিতে স্কুলগুলোকে তাৎক্ষণিকভাবে ও নিরাপদে সাড়া দেয়ার সুযোগ দিতে ~~NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন~~DOE এবং NYPD ~~স্কুল সেফটি ডিভিশন~~SSD এই নিয়ম-কানুনগুলো তৈরি করেছে। অগ্নিকাণ্ড, স্কুলের ভিতরে অনুপ্রবেশকারী, স্কুলের অভ্যন্তরে সক্রিয় গুলি-বর্ষণকারী, অথবা স্কুল বিল্ডিংয়ের বাহিরে বিপজ্জনক পরিস্থিতির মতো জরুরি পরিস্থিতির জন্য GRP স্কুলগুলোকে প্রস্তুত করে। এই নিয়ম-কানুনগুলো প্রথম সাড়াদানকারী উপস্থিত না হওয়া পর্যন্ত স্কুলের স্টাফ এবং শিক্ষার্থীদের তাৎক্ষণিক সাড়াদানের রূপরেখা প্রদান করে।

সকল জরুরি অবস্থায়, পরিস্থিতি সম্পর্কে সচেতন থাকা গুরুত্বপূর্ণ যেন প্রাপ্তবয়স্ক ব্যক্তি ও শিক্ষার্থীরা নিরাপদ ও সুরক্ষিত থাকতে সবচেয়ে ভালো সিদ্ধান্ত নিতে পারেন।

#### লকডাউন (সফট্/হার্ড)

সফট্ লকডাউন বলতে বোঝায় যে অনুসন্ধানী দলের (সুইপ টিম) জন্য শনাক্তযোগ্য কোনো তাৎক্ষণিক বিপদ নেই। সফট্ লকডাউনের সময় অ্যাডমিনিস্ট্রেটিভ বা প্রশাসনিক টিম, বিল্ডিং রেসপন্স টিম, এবং NYPD স্কুল সেফটি এজেন্টগণ (SSA) পরবর্তী নির্দেশনার জন্য নির্ধারিত কমান্ড পোস্টে অবস্থান গ্রহণ করবেন।

হার্ড লকডাউন বলতে বোঝায় যে, অত্যাসন্ন বিপদের কথা জানা আছে এবং **কেউ** বিল্ডিংয়ে অনুসন্ধান (সুইপ) কর্মকাণ্ডে নিযুক্ত **হবে না।** এতে অন্তর্ভুক্ত একটি সক্রিয় হুমকির ঘটনায় সাড়াদান।

এটা ঘোষণা করা হবে: "সকলের দৃষ্টি আকর্ষণ করছি: আমরা এখন [সফট্/হার্ড] লকডাউন-এ আছি। যথাযথ পদক্ষেপ গ্রহণ করুন।" (PA সিস্টেমে বা মাইকে দুবার বলা হবে)

SSA-সহ সকল ব্যক্তি লকডাউনের উপযুক্ত পদক্ষেপ নেবেন এবং প্রথম সাড়াদানকারীর আগমনের জন্য অপেক্ষা করবেন।

*শিক্ষার্থীরা উল্লেখিতে প্রশিক্ষণপ্রাপ্ত:*

- দৃষ্টির আড়ালে সরে যাওয়া ও নিরব থাকা।

*শিক্ষকগণ উল্লেখিতে প্রশিক্ষণপ্রাপ্ত:*

- ক্লাসরুমের বাইরে হলওয়েতে কোনো শিক্ষার্থী আছে কিনা তা দেখা, ক্লাসরুমের দরজা তালাবদ্ধ করা এবং লাইট নিভিয়ে দেয়া।

- দৃষ্টির আড়ালে সরে যাওয়া ও নিরব থাকা।
- প্রথম সাড়াদানকারীর ক্লাসরুমের দরজা খোলার জন্য; অথবা "অল ক্লিয়ার" (সব ঠিক আছে) বার্তা শোনার জন্য অপেক্ষা করা: "লকডাউন প্রত্যাহার করা হয়েছে" এবং এরপর নির্দিষ্ট নির্দেশাবলী।
- উপস্থিতি গ্রহণ এবং মেইন অফিসের সাথে যোগাযোগ করে অনুপস্থিত শিক্ষার্থীদের খোঁজ নেয়া।

হার্ড লকডাউনের সময়, কারো বিপদ কমানোর জন্য বাড়তি ব্যবস্থা নেয়া প্রয়োজন, এমন ঘটনা ঘটতে পারে। এছাড়াও কোনো ঘটনার সময় প্রাপ্ত-বয়স্ক ব্যক্তি এবং শিক্ষার্থীদের সকল লভ্য বিকল্প বিবেচনা করা প্রয়োজন। তাদেরকে নিরাপদ থাকার জন্য বিল্ডিং থেকে দৌড়ে বের হয়ে যেতে এবং সেই স্থান থেকে যদি সম্ভব হয় তবে 911 নম্বরে যোগাযোগ করতে হতে পারে। তাদেরকে দরজা তালাবদ্ধ কক্ষে অবস্থান ও নিরব থাকা নিশ্চিত করতে লুকিয়ে থাকতে (লকডাউনে থাকতে) হতে পারে, অথবা তাদের রুম বা অফিসে অত্যাসন্ন বিপদের সম্মুখীন হলে, তাদেরকে আক্রমণকারীর মোকাবেলা করতে হতে পারে।

## অপসারণ

ফায়ার অ্যালার্ম সিস্টেম হলো স্টাফ ও শিক্ষার্থীদের জন্য ভবন থেকে বের হয়ে আসা (ইভাক্যুয়েশন) শুরু করার প্রাথমিক সতর্ক বার্তা। তবে এমনও হতে পারে যখন PA সিস্টেম এবং সুনির্দিষ্ট নির্দেশনা ভবন থেকে বের হয়ে আসা বা ইভাক্যুয়েশন শুরু করার সতর্কতা হিসেবে কাজ করতে পারে। ঘোষণা "অ্যাটেনশন" (সকলের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে) বলে শুরু হবে এবং এরপর সুনির্দিষ্ট নির্দেশনা দেয়া হবে। (PA সিস্টেমে বা মাইকে দুবার বলা হবে)

*<u>শিক্ষার্থীরা উল্লেখিতে প্রশিক্ষণপ্রাপ্ত:</u>*

- ব্যক্তিগত জিনিসপত্র রেখে বেরিয়ে আসতে এবং এক সারিতে দাঁড়াতে। শীতের দিন যখন ক্লাসরুম ছেড়ে যেতে হবে, তখন শিক্ষার্থীদেরকে তাদের কোট নেয়ার কথা স্মরণ করিয়ে দিতে হবে। ফিজিক্যাল এডুকেশনের (শরীরচর্চা শিক্ষার) জন্য ধার্য পোশাক পরিহিত শিক্ষার্থীরা তাদের লকার রুমে ফিরে **যাবে না।** বাহিরে পড়ার মত উপযুক্ত পোশাক ছাড়া শিক্ষার্থীদেরকে যত দ্রুত সম্ভব একটি উষ্ণ স্থানে নিরাপদে রাখা হবে।

*<u>শিক্ষকগণ উল্লেখিতে প্রশিক্ষণপ্রাপ্ত:</u>*

- (অ্যাটেনডেন্স শিট এবং অ্যাসেমব্লি কার্ডসহ) ভবন থেকে বের হয়ে আসা বা ইভাক্যুয়েশন ফোল্ডার হাতে নেয়া।
- শিক্ষার্থীদেরকে ভবন থেকে বের হয়ে আসা বিষয়ক (ইভাক্যুয়েশন) পোস্টার অনুযায়ী ইভাক্যুয়েশন-এর বিভিন্ন স্থানে নিয়ে যাওয়া। **সবসময় অতিরিক্ত নির্দেশাবলী শোনা।**
- উপস্থিতি গ্রহণ করা এবং শিক্ষার্থীদের হিসেব নেয়া।
- কেউ আহত হলে, কারো সমস্যা হলে, কিংবা কোনো শিক্ষার্থী নিখোঁজ হলে অ্যাসেমব্লি কার্ড ব্যবহার করে স্কুল স্টাফ ও প্রথম সাড়াদানকারীদেরকে অবহিত করা।

## শেল্টার-ইন

এটা ঘোষণা করা হবে: "সকলের দৃষ্টি আকর্ষণ করছি: শেল্টার-ইন ঘোষণা করা হচ্ছে। সকল বাহিরে যাবার দরজা বন্ধ করুন।" (PA সিস্টেমে বা মাইকে দুবার বলা হবে)

*<u>শিক্ষার্থীরা উল্লেখিতে প্রশিক্ষণপ্রাপ্ত:</u>*

- ভবনের ভেতরে অবস্থান করা।
- নিয়মিত কাজ চালিয়ে যাওয়া।
- সুনির্দিষ্ট স্টাফের নির্দেশনা অনুসরণ করা।

*<u>শিক্ষকগণ উল্লেখিতে প্রশিক্ষণপ্রাপ্ত:</u>*

- অবস্থা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা।
- নিয়মিত কাজ চালিয়ে যাওয়া।

"অল ক্লিয়ার" (সব ঠিক আছে) ঘোষণা না শোনা পর্যন্ত শেল্টার-ইন বলবৎ থাকবে: "শেল্টার-ইন প্রত্যাহার করা হয়েছে" এবং এরপর নির্দিষ্ট নির্দেশাবলী।

বিল্ডিং রেসপন্স টিমের সদস্যগণ, ফ্লোর ওয়ার্ডেনগণ, এবং শেল্টার-ইন স্টাফ সকল বহির্গমন পথ বন্ধ করবেন এবং নির্ধারিত সুনির্দিষ্ট পোস্টে রিপোর্ট করবেন। প্রতিটি বিল্ডিং সেফটি প্ল্যানে (ভবন নিরাপত্তা পরিকল্পনা) এই স্টাফগণ এবং তাদের সুনির্দিষ্ট দায়িত্বের রূপরেখা দেয়া আছে।

### হোল্ড (স্বস্থানে অবস্থান করা):

হোল্ড-এর (স্বস্থানে অবস্থান) সূচনা করা হয় যখন স্কুল ভবনের অভ্যন্তরে এমন কোনো পরিস্থিতির উদ্ভব হয় যাতে সে অবস্থা অবিলম্বে মোকাবিলা করা প্রয়োজন, তখন স্টাফ, শিক্ষার্থী এবং দর্শনার্থীদের নিজ নিজ অবস্থানে থাকবে ও "অল ক্লিয়ার" (সব ঠিক আছে) ঘোষণা না পাওয়া পর্যন্ত নিয়মিত কাজ চালিয়ে যাবে।

স্কুল কমিউনিটিকে বিপদগ্রস্ত করে না এমন কোনও ঘটনা নিয়ন্ত্রণ করতে অথবা প্রথম সাড়াদানকারীদের দ্বারা যখন নির্দেশিত হয় তখন হোল্ড (স্বস্থানে অবস্থান) সূত্রপাত করা হতে পারে।

হোল্ড (স্বস্থানে অবস্থান) সফট্ বা হার্ড (মৃদু বা কঠোর) লকডাউন-এর স্থলাভিষিক্ত হয় না।

এটা ঘোষণা করা হবে: "সকলের দৃষ্টি আকর্ষণ করছি: হোল্ড ঘোষণা করা হচ্ছে। সকল স্টাফ, শিক্ষার্থী, এবং দর্শনার্থীগণ যে যেখানে আছেন, 'অল ক্লিয়ার' ঘোষণা না শোনা পর্যন্ত সেখানেই থাকতে হবে।" (PA সিস্টেমে বা মাইকে দুবার বলা হবে)

হোল্ড (স্বস্থানে অবস্থান) ঘোষণা শোনার পর:

*স্টাফগণ অবশ্যই:*

- তাদের বর্তমান অবস্থানের দরজাটি বন্ধ করবেন।
- তাদের বর্তমান স্থানে 'হোল্ড' (স্বস্থানে অবস্থান) করবেন।
- কোনো শিক্ষার্থী হোল্ড ঘোষণার আগে বাইরে গিয়ে থাকলে তা জানাতে মেইন অফিসের সাথে যোগাযোগ করবেন।

*শিক্ষার্থী/স্টাফগণ অবশ্যই:*

- যতক্ষণ পর্যন্ত "অল ক্লিয়ার" (সব ঠিক আছে) ঘোষণা করা না হয়, ততক্ষণ পর্যন্ত নিজ নিজ স্থানে অবস্থান করবেন।
- সাধারণত ক্লাস শেষে যে ঘণ্টা বাজানো হয় সেটা উপেক্ষা করবেন।
- স্মরণ রাখবেন যে, ক্লাসরুম পাস ব্যবহার করা যাবে না এবং হোল্ড প্রত্যাহার না করা পর্যন্ত সবাইকে নিজ নিজ স্থানে থাকতে হবে।

### b) হুমকি, অপরাধজনিত কর্মকাণ্ড, এবং হুমকি মূল্যায়নে সাড়াদান:

স্কুল কর্তৃপক্ষকে অবশ্যই শিক্ষার্থী, স্কুলের কর্মচারী এবং দর্শনার্থী কর্তৃক শারীরিক আঘাত থেকে বোমার হুমকি পর্যন্ত বিভিন্ন হুমকি অথবা অপরাধজনিত আচরণের কর্মকাণ্ডে সাড়াদানের জন্য প্রস্তুত থাকতে হবে। স্কুল-সম্পর্কিত ঘটনা, শিক্ষার্থী বা স্কুল কর্মীগণ কর্তৃক সংঘটিত অপরাধ, অথবা চিকিৎসাজনিত কোনো জরুরি পরিস্থিতি সম্পর্কে আইন প্রয়োগকারী কর্মকর্তাদের জানানোর প্রক্রিয়াটি চ্যান্সেলরের প্রবিধান A-412 (নিচে মুখ্য নথিগুলো দেখুন) এবং ঝুঁকি বা হুমকিতে সাড়াদানের নিয়ম-নীতিসমূহ (গ্রেট রেসপন্স প্রটোকল) সহ অন্যান্য নীতিতে রয়েছে। উপরে উল্লেখিত অনুযায়ী, ডিস্ট্রিক্ট স্টাফ এবং 911-এ প্রথম সাড়াদানকারী দ্বারা তাৎক্ষণিক সাড়াদানের পাশাপাশি সকল হুমকি ও সহিংসতার কর্মকাণ্ড মোকাবেলায় ~~জেনারেল রেসপন্স প্রোটোকল (GRP)~~GRP ব্যবহার করা হবে। উপস্থিত হবার পর, ঘটনা ভিত্তিক সহায়তা প্রদান করার লক্ষ্যে সকল ডিস্ট্রিক্ট ও জরুরি পরিস্থিতির প্রচেষ্টার সাথে স্কুল কর্মকর্তা এবং SSA-এর সমন্বয় করা হবে।

শিক্ষার্থীদের দ্বারা তাদের নিজেদের বিরুদ্ধে হুমকি মোকাবেলার জন্যেও স্কুলের কর্মকর্তাদের অবশ্যই প্রস্তুত থাকতে হবে। একটি স্কুলে সঙ্কট মোকাবেলার দল (ক্রাইসিস টিম) প্রতিষ্ঠা এবং আত্মহত্যার প্রচেষ্টা, আত্মঘাতী আচরণ ও আত্মঘাতী চিন্তা-ভাবনা মোকাবেলার প্রক্রিয়া চ্যান্সেলরের প্রবিধান A-755 ও নীতিমালায় বর্ণিত হয়েছে (নিচে মুখ্য নথি বা ডকুমেন্টগুলো দেখুন)।

যখন কোনো শিক্ষার্থী এমন আচরণে লিপ্ত হয় যা শিক্ষার্থী বা অন্যদের আহত হওয়ার উল্লেখযোগ্য ঝুঁকি সৃষ্টি করে, তখন স্কুল কর্মকর্তাদের অবশ্যই আচরণগত সঙ্কট মোকাবেলার বিভিন্ন কৌশল ও হস্তক্ষেপ এবং স্কুলের সঙ্কট প্রশমন পরিকল্পনাতে (ক্রাইসিস ডি-এসকেলেশন প্ল্যান) শনাক্তকৃত কমিউনিটির বিভিন্ন সংস্থান ব্যবহার করে নিরাপদে আচরণ প্রশমনের সকল প্রচেষ্টার উদ্যোগ গ্রহণ করতে হবে। অতিরিক্তভাবে, যদি নিরাপত্তা বিবেচনাধীন সুযোগ থাকলে পিতামাতাকে অবশ্যই সেই শিক্ষার্থীর সাথে কথা বলার একটা সুযোগ দিতে হবে। কোনো শিক্ষার্থীর আচরণগত সঙ্কট মোকাবেলা সম্পর্কিত আরও তথ্যের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-411 দেখুন।

### c) স্কুলের নিরাপত্তা কর্মীবৃন্দ:

DOE এবং NYPD-এর মাঝে একটি যৌথ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে 1998-এর সেপ্টেম্বরে, DOE, চ্যান্সেলর, এবং সিটি অভ নিউ ইয়র্ক একটি চুক্তিতে আবদ্ধ হয়, যার অধীনে স্কুলের নিরাপত্তা কর্মী বাছাই, নিয়ুক্তি, প্রশিক্ষণ, মূল্যায়ন এবং ব্যবস্থাপনাসহ স্কুলের নিরাপত্তা বিষয়ক কার্যক্রমের দায়-দায়িত্বের ভার থাকবে NYPD-এর উপর। এই ~~চুক্তিটি পরবর্তিতে বলবৎ থাকে~~চুক্তি পরবর্তীতে অব্যাহত ছিল এবং ~~এরপর~~তারপর একটি সংশোধিত সমঝোতা স্মারকের (মেমোরেন্ডাম অভ আন্ডারস্ট্যান্ডিং, MOU) মাধ্যমে 19 জুন, 2019 তারিখ ~~তা পরিমার্জন~~পরিবর্তন করা হয়।

সংশোধিত MOU-টি DOE স্কুলগুলোতে নিরাপত্তা প্রদানের কাঠামোটি অব্যাহত রাখে এবং একটি নিরাপদ ও সুরক্ষিত স্কুল পরিবেশ বজায় রাখতে স্কুল প্রশাসকগণ, SSA ও NYPD-এর ভূমিকা উল্লেখ করে; শিক্ষার্থীদের অসদাচরণ মোকাবেলায় স্কুলের প্রাথমিক ভূমিকার উপর জোর দেয়; শিক্ষার্থীদের অসদাচরণ মোকাবেলায় স্কুলের স্টাফ কোন পরিস্থিতিতে SSA-এর সাথে যোগাযোগ করবেন তা বর্ণনা করে; SSA এবং NYPD অফিসারদের জন্য পরিস্থিতি শান্ত করা সহ, প্রশিক্ষণের ব্যবস্থা করে; কখন ও কীভাবে NYPD স্কুলের অধিকৃত এলাকায় শিক্ষার্থীকে জিজ্ঞাসাবাদ করতে পারবে তা অন্তর্ভুক্ত করে; প্রয়োজনীয় সর্বনিম্ন নিয়ন্ত্রণ আরোপ করে কখন গ্রেফতার অথবা একটি সমন জারি করা যেতে পারে সেবিষয়ে প্রত্যাশাসমূহ অন্তর্ভুক্ত করে; এবং গ্রেফতার বা সমন জারির পরিবর্তে বিভিন্ন ভিন্নমুখীকরণ বা বিকল্প প্রক্রিয়ার ব্যবহার উল্লেখ করে।

নিচের মুখ্য নথিপত্র বা ডকুমেন্টে সংশোধিত MOU অন্তর্ভুক্ত আছে।

### d) বিভিন্ন প্রশিক্ষণ এবং মহড়া:

সকল প্রিন্সিপালের জন্য জরুরি প্রস্তুতির প্রশিক্ষণ সম্পন্ন করা বাধ্যতামূলক, এবং এর মেয়াদ দুই বছর। জুলাই ও অগাস্টে প্রশিক্ষণ অফার করা হয়, এবং 1 সেপ্টেম্বরের পরে তাদের পদে যোগদানকারী নতুন প্রিন্সিপালদের জন্য শিক্ষা বছর চলাকালে প্রশিক্ষণ অফার করা হয়।

আগে থেকেই সম্ভাব্য সহিংস আচরণ শনাক্ত করার পাশাপাশি স্কুল ও এজেন্সির প্রশাসনিক ভবনগুলোতে জরুরি পরিস্থিতিতে ব্যবহৃত প্রক্রিয়াসমূহের উপর DOE-এর সকল কর্মীকে প্রতিবছর অবশ্যই প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। 15 সেপ্টেম্বরের আগে এবং নতুন নিয়োগপ্রাপ্তদের জন্য প্রয়োজন অনুযায়ী শিক্ষা বছর জুড়ে এই প্রশিক্ষণ পরিচালনা করতে সকল স্কুলকে একটি বার্ষিক ওপেনিং ডে ট্রেনিং ডেক সরবরাহ করা হয়। স্কুল বিল্ডিংয়ে নিয়োজিত নন এমন DOE ~~স্টাফদেরকে~~স্টাফকে অবশ্যই 15 সেপ্টেম্বরের আগে অথবা নিয়োগ পাওয়ার 30 দিনের মধ্যে একটি অনলাইন ট্রেনিং মডিউল সম্পন্ন করতে হবে।

সকল শিক্ষার্থীকে অবশ্যই প্রতি শিক্ষা বছরের শুরুতে জরুরি অবস্থা মোকাবেলার নিয়ম-কানুন এবং লভ্য স্কুলের বিভিন্ন সংস্থানের উপর প্রশিক্ষণ গ্রহণ করত হবে। GRP পর্যালোচনাকারী পাঠ্যসমূহ সকল শিক্ষার্থীর সাথে অবশ্যই প্রতি শিক্ষা বছরের শুরুতে পরিচালনা করতে হবে। এই উদ্দেশ্যের জন্য পাওয়ারপয়েন্ট, ভিডিও এবং পাঠ্য পরিকল্পনা সহ প্রশিক্ষণের বিভিন্ন উপকরণ স্কুলগুলোতে পাওয়া যায়।

এছাড়াও প্রতি শিক্ষা বছরের শুরুতে GRP সহ স্কুলের জরুরি অবস্থার প্রক্রিয়া সম্পর্কে তথ্য সকল পরিবারের সাথে অবশ্যই শেয়ার করতে হবে। পরিবারদের মাঝে বিতরণের জন্য একটি ভূমিকামূলক পত্র এবং জরুরি অবস্থার প্রক্রিয়ার সারসংক্ষেপ স্কুলগুলোকে দেয়া হয়।

সকল স্কুলকে বিভিন্ন ট্রমা-ইনফর্মড (মানসিক আঘাত বিবেচিত) মহড়া পরিচালনা করা বাধ্যতামূলক যা জরুরি পরিস্থিতিতে সাড়াদান পরিকল্পনার বিভিন্ন অংশ পরীক্ষা করে। এই আবশ্যক মহড়াগুলোতে অবশ্যই জরুরি অবস্থায় অপসারণে বিশেষ সহায়তা আবশ্যক সকল শিক্ষার্থী ও কর্মীকে অন্তর্ভুক্ত করতে হবে, যাদেরকে অপসারণ করতে হবে FDNY-অনুমোদিত স্বস্থানে অবস্থানের রুমগুলোতে, আগুন থেকে উদ্ধারের স্থানগুলোতে, অথবা উদ্ধার সহায়ক এলাকাগুলিতে, অথবা স্কুল সেফটি কমিটি দ্বারা শনাক্তকৃত পশ্চাদপসারণের (রিট্রিট) রুমগুলোতে, যখন FDNY রুমগুলো শনাক্তকৃত নয়।

প্রিন্সিপালদের অবশ্যই প্রতি শিক্ষা ~~বছরে কমপক্ষে 12-টি জরুরি অবস্থার মহড়ার (বছর~~ নিম্নোক্ত ইমার্জেন্সি ~~ড্রিল) আয়োজন~~ড্রিলগুলো করতে হবে~~, এর মধ্যে~~:

- ন্যূনতম আটটি ইভাক্যুয়েশন (অপসারণ) ড্রিল, যার মধ্যে ছয়টি অবশ্যই 31 ডিসেম্বরের ~~আগে~~মধ্যে হতে হবে। ~~আটটি মহড়ার মধ্যে অবশ্যই ইভাকুয়েশন (ভবন থেকে সরিয়ে নেয়া) এবং লকডাউন মহড়া থাকতে হবে। 12-টি মহড়ার মধ্যে~~
- কমপক্ষে চারটি ~~অবশ্যই~~ লকডাউন ড্রিল, যার মধ্যে দুটি আবশ্যই 31 ডিসেম্বরের মধ্যে হতে ~~হবে~~হবে। একটি লকডাউন ড্রিল~~, যার মধ্যে একটিকে~~ অবশ্যই 31 অক্টোবরের মধ্যে পরিচালিত হতে হবে, এবং অন্যগুলো অবশ্যই 1 ফেব্রুয়ারি~~-~~ - 14 মার্চের মধ্যে ~~পরিচালিত~~ হতে হবে। ~~সর্বশেষ দুটো স্কুলের ইচ্ছানুযায়ী সময়ে পরিচালিত হতে পারে।~~

আসল জরুরি পরিস্থিতির অনুরূপ বিভিন্ন দিন ও সময়ে, এতে অন্তর্ভুক্ত লাঞ্চ পিরিয়ড ও পূর্ব ঘোষিত সময় ছাড়া অন্য সময়, বিভিন্ন পরিস্থিতিতে মহড়াগুলো পরিচালনা করতে হবে।

প্রিন্সিপালগণ নিশ্চিত করবেন যে, মহড়াগুলি যেন শিক্ষার্থীদের উপস্থিতিতে স্কুল দিবসেই করা হয় যা একটি মানসিক আঘাত বা ট্রমা-সজ্ঞাত তথ্য সহ, বেড়ে-ওঠা সংশ্লিষ্ট, এবং বয়স-উপযোগী উপায়ে পরিচালিত হবে এবং এতে কোনো সহায়ক উপকরণ, অভিনেতা, অনুকরণ, অথবা অন্যান্য কৌশল যার উদ্দেশ্য হবে কোনো স্কুলে গুলিবর্ষণের ঘটনা বা অন্য কোনো সহিংস বা জরুরি পরিস্থিতির অনুকরণ তা অন্তর্ভুক্ত হবে না। যেসময়ে বিভিন্ন মহড়া পরিচালিত হবে শিক্ষার্থী এবং কর্মীদেরকে অবহিত করা হবে যে যেসব কর্মকাণ্ড পরিচালিত হচ্ছে সেগুলো একটি মহড়া। পিতামাতা অথবা পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তিদেরকে মহড়া অনুষ্ঠিত হবার ~~কমপক্ষে~~ এক ~~সপ্তাহ আগে~~সপ্তাহের মধ্যে অবহিত করা হবে।

স্কুলগুলি শুধুমাত্র DOE, স্থানীয় জরুরি পরিস্থিতিতে সাড়াদানকারী এবং প্রস্তুতি-বিষয়ক কর্মকর্তাদের দ্বারা প্রস্তুতকৃত এবং সময়সূচিকৃত পূর্ণ-পরিসরের মহড়াগুলিতে অংশ নিতে পারে। এই ধরনের মহড়া নিয়মিত স্কুল দিবসে অথবা যখন স্কুল প্রাঙ্গণে অন্যান্য কর্মকাণ্ড চলে, তখন অনুষ্ঠিত হবে না। এই মহড়াগুলোতে পিতামাতা অথবা পিতা-মাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তিদের লিখিত সম্মতি ব্যতীত শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করা যাবে না।

NYC-এর প্রথম সাড়াদানকারীদের (NYPD, FDNY এবং NYCEM) সাথে একযোগে কাজ করে, জরুরি পরিস্থিতি মোকাবেলা যাতে অপসারণ (ইভাকুয়েশন), শেল্টার-ইন অথবা লকডাউন প্রয়োজন তা মূল্যায়ন করার জন্য DOE প্রতিটি বরোতে ভিন্ন ভিন্ন স্কুল ভবনে পরিচালিত বিভিন্ন মহড়া পর্যবেক্ষণ করে। দলটি (টিম) স্কুল লিডারদের সাথে একটি সংক্ষিপ্ত পর্যালোচনা পরিচালনা করার পাশাপাশি কার্যকারিতা মূল্যায়ন করতে এবং সংশোধনমূলক পদক্ষেপ নেয়া প্রয়োজন এমন ক্ষেত্রগুলো শনাক্ত করতে বহু-এজেন্সির সংক্ষিপ্ত পর্যালোচনা করে।

### e) পিতামাতাকে অবহিতকরণ:

স্কুলে কোনও সহিংস কর্মকাণ্ডের ঘটানোর হুমকি অথবা ঘটনা ঘটানোর ফলে পুরো স্কুল কমিউনিটির উপর প্রভাব ফেলে। কোনও সহিংসতার হুমকি থাকলে অথবা সহিংস ঘটনা ঘটলে, স্কুল কর্তৃপক্ষকে অবশ্যই যথাযথ আইন প্রয়োগকারী এজেন্সির সাথে (উপরে উল্লিখিত উপায়ে) যোগাযোগ করার জন্য এবং অবিলম্বে স্কুল কমিউনিটিকে বিশেষ করে স্কুলে নথিভুক্ত (এনরোল) শিক্ষার্থীদের পিতামাতাকে জানাতে প্রস্তুত থাকতে হবে। পিতামাতাদের অবহিত করা (তাদের পছন্দের ভাষায়) সংক্রান্ত DOE-এর নীতি এবং প্রক্রিয়াগুলো চ্যান্সেলরের প্রবিধান ও নীতিসমূহে বর্ণিত হয়েছে (নিচে গুরুত্বপূর্ণ নথিপত্র বা ডকুমেন্ট দেখুন)। চ্যান্সেলরের প্রবিধান A-415 অনুযায়ী, পিতামাতা, স্টাফ, এবং নির্বাচিত কর্মকর্তাগণ নোটিফাইএনওয়াইসি-এর (NotifyNYC) মাধ্যমে ইলেক্ট্রনিক টেক্সট মেসেজ, ফোন কল, এবং/অথবা ইলেক্ট্রনিক মেইলের মাধ্যমে জরুরি পরিস্থিতিতে বিজ্ঞপ্তি পাওয়ার জন্য স্বেচ্ছায় তালিকাভুক্ত (সাবস্ক্রাইব) হতে পারেন। অতিরিক্তভাবে, পিতামাতা এবং স্কুল কমিউনিটিকে স্কুলে ঘটা সুনির্দিষ্ট জরুরি পরিস্থিতি সম্পর্কে অবহিত করতে স্কুলের নেতৃবৃন্দগণ স্কুল-নির্দিষ্ট অবহিতকরণ পদ্ধতি (নোটিফিকেশন সিস্টেম) ব্যবহার করতে পারেন। DOE একটি সুরক্ষিত বার্তা প্রেরণের উপকরণ (মেসেজিং টুল) তৈরি করেছে, যা স্কুলগুলোকে পরিবার, শিক্ষার্থী, ও স্টাফদের জন্য বার্তা তৈরি ও পাঠানোর সুযোগ দেয়। স্কুলগুলো কোনো একটি জরুরি পরিস্থিতিতে যেমন লকডাউন, ইভাক্যুয়েশন (অপসারণ), হোল্ড (স্ব-স্থানে কাজ চালিয়ে যাওয়া), অথবা শেল্টার-ইন-এর (স্বস্থানে আশ্রয় গ্রহণের) ক্ষেত্রে একটি মোবাইল ডিভাইস বা ডেস্কটপ থেকে পরিবারদেরকে তাৎক্ষণিক নোটিস পাঠাতে পারে। যখন এমন বার্তা (মেসেজ) পাঠানো হয় যেগুলি অটোম্যাটিক ম্যাসেজিং টেমপ্লেট (স্বয়ংক্রিয় বার্তার খসড়া) অপশনের অন্তর্ভুক্ত নয়, তখন স্কুলগুলোকে এইসব বিজ্ঞপ্তি তৈরির জন্য তাদের সুপারিনটেনডেন্ট, ফিল্ড কাউন্সেল এবং প্রেস অফিসের সাথে পরামর্শ করতে হবে।

## 2 - বিল্ডিং-স্তরে স্কুলের নিরাপত্তা পরিকল্পনা:

চ্যান্সেলরের প্রবিধান A-414 অনুযায়ী, (নিচের গুরুত্বপূর্ণ নথিগুলো দেখুন) বিল্ডিং-স্তরে স্কুলের নিরাপত্তা পরিকল্পনা তৈরির লক্ষ্যে প্রতিটি স্কুলকে অবশ্যই একটি স্কুল সেফটি কমিটি প্রতিষ্ঠা করতে হবে। প্রতিটি কমিটিতে অবশ্যই নিম্নলিখিত ব্যক্তিবর্গ অন্তর্ভুক্ত হতে হবে: UFT চ্যাপ্টার লিডার; কাস্টোডিয়াল ইঞ্জিনিয়ার/মনোনীত ব্যক্তি; অভ্যন্তরীণ স্কুল সেফটি এজেন্ট লেভেল III/মনোনীত ব্যক্তি; স্থানীয় আইন প্রতিরক্ষা কর্মকর্তা; প্যারেন্ট অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট/মনোনীত ব্যক্তি; ডায়েটিশিয়ান/সাইটের জন্য খাদ্য পরিষেবার মনোনীত ব্যক্তি; স্কুল-ভিত্তিক ট্র্যান্সপোর্টেশন কোঅর্ডিনেটর; DC-37 দ্বারা প্রতিনিধিত্বকারী স্কুলের স্টাফ সদস্য, কমিউনিটি সদস্য; স্থানীয় অগ্নি-নির্বাপণ কর্মকর্তা, স্থানীয় অ্যাম্বুলেন্স অথবা অন্যান্য ইমার্জেন্সি রেসপন্স এজেন্সি; ছাত্র সংগঠনের প্রতিনিধি (যেখানে যথাযথ); এবং প্রিন্সিপাল(গণ) দ্বারা যথাযথ বিবেচিত অন্য কোনও ব্যক্তি। প্রতিটি স্কুল সেফটি প্ল্যানে যেভাবে বর্ণিত আছে, প্রত্যেক স্কুলকে কর্তৃত্বের ক্রম (চেইন অভ কমান্ড) এবং একাধিক টিম প্রতিষ্ঠিত করতে হবে, যার মধ্যে রয়েছে, একটি বিল্ডিং রেসপন্স টিম (ভবনে সাড়াদানকারী দল) ও ক্রাইসিস টিম (সঙ্কটে সাড়াদানকারী দল), এবং একজন প্রশাসনিক কর্মীকে (আডমিনিস্ট্র্যাটিভ স্টাফ) মনোনীত করা, যিনি জরুরি পরিস্থিতিতে স্কুলের সাড়াদান সমন্বয় করবেন।

অন্যান্য বিষয়ের পাশাপাশি, পরিকল্পনাটিতে বর্ণিত আছে স্কুল বিল্ডিংয়ের প্রবেশ পথ এবং দর্শনার্থী নিয়ন্ত্রণ প্রক্রিয়া; নিরাপত্তার দায়িত্বে নিযুক্তি এবং সময়সূচি; অনুপ্রবেশকারীর ক্ষেত্রে প্রক্রিয়া; জরুরি পরিস্থিতিতে যোগাযোগের প্রণালী, এর মধ্যে আছে যথাযথ আইন প্রয়োগকারী ব্যক্তিদের নাম এবং ফোন নম্বর; শিক্ষার্থী খুঁজে পাওয়া না গেলে কার্যপ্রণালী; দরজার অ্যালার্ম বাজলে সাড়াদানের প্রক্রিয়া; যাদের জরুরি পরিস্থিতিতে ভবন থেকে সরিয়ে নেয়ার (ইভাক্যুয়েশন) সময় বিশেষ সহায়তা প্রয়োজন তারা সহ সকল স্টাফ ও শিক্ষার্থী জন্য ইভাক্যুয়েশন প্রক্রিয়া, এবং ভবনের প্রতি তলার মানচিত্র। প্রতিটি পরিকল্পনায় বর্ণিত আছে শিক্ষার্থী এবং স্টাফদের জন্য সব ধরনের জরুরি

পরিস্থিতি মোকবেলায় বিল্ডিং রেসপন্স টিমের ভূমিকা এবং প্রশিক্ষণ। প্রতিটি বিল্ডিং স্তরের পরিকল্পনায় জরুরি পরিস্থিতিতে ব্যবস্থা গ্রহণের নিয়ম-নীতি প্রতিষ্ঠিত আছে, যেমন তেজস্ক্রিয় পদার্থ ছড়িয়ে পড়া, অনুপ্রবেশকারী, বোমার হুমকি, জিম্মি-গ্রহণ অথবা গুলিবর্ষণ; এতে অন্তর্ভুক্ত ইভাক্যুয়েশন (ভবন থেকে বের হয়ে আসা), শেল্টার-ইন (স্বস্থানে আশ্রয় গ্রহণ), হোল্ড (স্বস্থানে কার্যরত থাকা), অথবা লকডাউন-এ যেতে হবে কিনা। বিল্ডিং স্তরের পরিকল্পনাসমূহ অবশ্যই ~~অফিস অভ সেফটি অ্যান্ড প্রিভেনশন পার্টনারশিপস (~~OSPP~~)~~ দ্বারা তৈরি নিরাপত্তা পরিকল্পনার খসড়া নমুনার সাথে সমন্বিত এবং প্রতিবছর অবশ্যই হালনাগাদকৃত হতে হবে।

স্কুলের নিরাপত্তা পরিকল্পনার কর্মী কিংবা পিতামাতার সংস্করণে বিল্ডিং স্তরের নিরাপত্তা বিষয়ক তথ্য প্রত্যেক প্রিন্সিপালের কাছ থেকে অনুরোধ সাপেক্ষে স্টাফ এবং পরিবারদের সাথে শেয়ার করার জন্য লভ্য আছে। পিতামাতার গাইডের একটি খসড়া নমুনা (টেম্পলেট) নিচের মুখ্য নথিপত্র সেকশনে অন্তর্ভুক্ত রয়েছে। ~~স্টেট এডুকেশন~~স্টেটের আইন অনুযায়ী, বিল্ডিং স্তরের জরুরি পরিস্থিতিতে সাড়াদানের পরিকল্পনাসমূহ অবশ্যই গোপনীয় থাকবে এবং তা প্রকাশ করা হবে না।

প্রযোজ্য স্টেট আইনের শর্তের সাথে সামঞ্জস্যপূর্ণ অনুযায়ী বিল্ডিং স্তরের স্কুলের সুরক্ষা পরিকল্পনাগুলোতে আফটার-স্কুলের জন্য যেসব কর্মকাণ্ড এবং অনুষ্ঠানসমূহ অন্তর্ভুক্ত।

### 3 - DOE কেন্দ্রীয় সাড়াদানকারী দল (সেন্ট্রাল রেসপন্স টিম, CRT)

কেন্দ্রীয় সাড়াদানকারী দল (সেন্ট্রাল রেসপন্স টিম, CRT) তৈরি করা হয়েছিলো DOE নেতৃত্ব কর্তৃক একটি সমন্বিত জরুরি পরিস্থিতি মোকাবেলার কৌশল প্রয়োগ করার জন্য যা DOE অধিভুক্ত স্থানে সংঘটিত যেসব ঘটনায় একাধিক DOE ডিভিশন এবং/অথবা বাহ্যিক এজেন্সি/ইউটিলিটি কোম্পানির সাড়াদানের প্রয়োজন হয়, তাতে বিভিন্ন DOE অফিসকে সমন্বয় করা সক্ষম করে। CRT অন্যান্য ঘটনা যেমন দুর্যোগপূর্ণ আবহাওয়া এবং জন-স্বাস্থ্যগত জরুরি পরিস্থিতি মোকাবেলায় বিভিন্ন স্কুল ব্যবহারের ক্ষেত্রেও সাড়া দেবে। সিনিয়র লিডারশিপ দ্বারা সময়মতো সিদ্ধান্ত গ্রহণের এবং সংশ্লিষ্ট DOE স্টাফকে দ্রুত অবহিত করার সুযোগ দিতে CRT তথ্য ও উপাত্ত সংগ্রহ করা সহজতর করবে। CRT DOE সেন্ট্রাল অফিসে কাজ করে শিক্ষার্থীর স্বাস্থ্য/নিরাপত্তায় প্রভাব ফেলে এমন পরিস্থিতি এবং স্কুল বিল্ডিং-এর সরঞ্জাম/ফ্যাসিলিটিগুলোর কার্যপরিচালনা মূল্যায়ন করতে DOE-এর কেন্দ্রীয় অফিসগুলোতে CRT সক্রিয় করা হয়। তা করার মধ্য দিয়ে, স্কুল কমিউনিটি যে ঝুঁকি ও কার্য-পদক্ষেপ গ্রহণ করবে সেবিষয়ে CRT অবহিত করবে এবং ভবিষ্যৎ ঘটনার জন্য প্রস্তুতি গ্রহণ ও প্রতিরোধমূলক পদক্ষেপের অব্যাহত উন্নয়নের জন্য প্রতিবার সক্রিয়করণের পর পর্যালোচনা করা হবে।

CRT অন্যান্য NYC এজেন্সির সাথে গুরুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখে যার মধ্যে রয়েছে NYPD, FDNY, ~~MTA,~~মেট্রোপলিটান ট্র্যাঞ্জিট অথরিটি (MTA), NYCEM এবং এর পাশাপাশি DOHMH এবং DSS-এর মতো বিভিন্ন এজেন্সির অন্যান্য ইমার্জেন্সি ম্যানেজমেন্ট টিম; সময়-সময় CRT আমেরিকান রেড ক্রসের সাথেও সম্পৃক্ত হবে। DOE-এর অভ্যন্তরে, CRT মাঠ পর্যায়ে সকল গুরুত্বপূর্ণ DOE টিমের প্রয়াশ নিশ্চিত করে, এতে রয়েছে তবে এতেই সীমাবদ্ধ নয়: স্কুলের বিভিন্ন ফ্যাসিলিটি এবং এর ফ্যাসিলিটিগুলোর ডেপুটি ডিরেক্টরগণ (ডেপুটি ডিরেক্টরস অভ ফ্যাসিলিটিজ, DDF); সেফটি অ্যান্ড প্রিভেনশন পার্টনারশিপ (নিরাপত্তা এবং প্রতিরোধ অংশিদারিত্ব) এবং এর বরো সেফটি ডিরেক্টরগণ (BSD) সমন্বিত আছেন। DDF ও BSD কোনো জরুরি পরিস্থিতিতে প্রিন্সিপালগণ এবং প্রতিটি বিল্ডিং রেসপন্স টিম-এর (BRT) নেতৃবৃন্দদের সরাসরি সহায়তা প্রদান করে।

### 4 - কার্য-পরিচালনা অব্যাহত রাখার পরিকল্পনা (কন্টিনিউটি অভ অপারেশন্স প্ল্যান, COOP)

DOE-এর কন্টিনিউটি অভ অপারেশনস্ (COOP) পরিকল্পনা হলো একটি সবরকম-বিপদ পদ্ধতি যা বিভিন্ন বিঘ্নতার মাঝেও অপরিহার্য পরিষেবাগুলো অব্যাহত রাখতে সক্ষম করে। পরিকল্পনাটি ত্রৈমাসিক আপডেট এবং বার্ষিক DOE-এর নির্বাহী পর্যালোচনার মধ্য দিয়ে যায়, এবং নির্বাহী আদেশ 107-এর অনুবর্তিতায় নিউ ইয়র্ক সিটি ইমার্জেন্সি ম্যানেজমেন্ট সেটা তত্ত্বাবধান করে। ~~DOE COOP~~পরিকল্পনাটি প্রতিটি অপরিহার্য পরিষেবার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ এবং প্রক্রিয়াসমূহ বিবেচনা করে, এতে অন্তর্ভুক্ত অনুক্রমিক আদেশ, কর্তৃত্ব ন্যস্তকরণ, বিকল্প ফ্যাসিলিটি, যোগাযোগের ধারাবাহিকতা, গুরুত্বপূর্ণ রেকর্ড ব্যবস্থাপনা, মানব সম্পদ, বিকেন্দ্রীকরণ নিয়ম-নীতি, এবং পুনর্গঠন পদ্ধতিসমূহ। বার্ষিক পরীক্ষা এবং প্রশিক্ষণের মাধ্যমে পরিকল্পনাটির কার্যকারিতা আরও পরিমার্জিত হয়।

~~ডিপার্টমেন্টের COOP~~ পরিকল্পনাটি বেশ কিছু জরুরি পরিস্থিতি সম্পর্কিত ব্যবস্থা উল্লেখ করে, এতে নিম্নোক্তগুলো অন্তর্ভুক্ত, তবে এতেই সীমাবদ্ধ নয়:

- ফ্যাসিলিটির সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করা (জীবনের নিরাপত্তা) - নিরাপদ, সুরক্ষিত, এবং কার্যকর স্কুল বিল্ডিংসমূহ (যেমন, ফায়ার সিস্টেম, দরজায় তালা, জরুরি প্রস্থান পথ)।
- জরুরি পরিস্থিতিতে যোগাযোগ ব্যবস্থা সমন্বয় (জীবনের নিরাপত্তা) - সঙ্কটের সময় সতর্ক বার্তা, বিজ্ঞপ্তি, এবং যোগাযোগ পরিচালনা করা (যেমন, জরুরি অবস্থা, স্কুল বন্ধ)।

- শিক্ষাগত শিক্ষা-নির্দেশনা প্রদান (অত্যন্ত গুরুত্বপূর্ণ গণ-পরিষেবা) - সশরীরে কিংবা রিমোট যেভাবেই হোক না কেন, শিক্ষার্থীর শিক্ষা অব্যাহত রাখতে শিক্ষাদান এবং শেখার ব্যবস্থা করুন।
- শিক্ষার্থীকে সহায়তা পরিষেবাসমূহ প্রদান (অত্যন্ত গুরুত্বপূর্ণ গণ-পরিষেবা) - শিক্ষার্থীদের পরামর্শ, স্পেশাল এডুকেশন, স্বাস্থ্য পরিষেবা, এবং অন্যান্য সহায়তা অফার করে।
- শিক্ষার্থীদের পুষ্টি ও কল্যাণ বজায় রাখা (অত্যন্ত গুরুত্বপূর্ণ গণ-পরিষেবা) - শিক্ষার্থীদের জন্য, বিশেষ করে যাদের প্রয়োজন, খাবার (ব্রেকফাস্ট/লাঞ্চ) এবং মৌলিক চাহিদা পাওয়া নিশ্চিত করা।
- প্রযুক্তিগত অবকাঠামো পরিচালনা - অত্যন্ত গুরুত্বপূর্ণ আইটি (IT) সিস্টেমগুলি চালু রাখা (যেমন, ইন্টারনেট, ডিভাইস, অনলাইন লার্নিং প্ল্যাটফর্ম)।
- পেরোল এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ HR কার্যক্রম প্রক্রিয়াকরণ - স্টাফ এবং শিক্ষকগণ সময়মতো বেতন পাচ্ছে এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ HR কার্যক্রম অব্যাহত রাখা নিশ্চিত করা।
- অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করা - স্কুলগুলো চালু রাখার জন্য প্রয়োজনীয় নথিপত্র, বাজেট, অনুবর্তিতা, এবং কার্যক্রম পরিচালনা করা।

## 5 - পরিবহন ব্যবস্থা

চ্যান্সেলরের প্রবিধান A-801 অনুযায়ী (গুরুত্বপূর্ণ নথিগুলি নিচে দেখুন), DOE সকল যোগ্য নিউ ইয়র্ক সিটি শিক্ষার্থীদেরকে পাবলিক, চার্টার, এবং নন-পাবলিক স্কুলসমূহে পরিবহন সুবিধা প্রদান করে। আমাদের উদ্দেশ্য হলো মেট্রোপলিটান ট্র্যানজিট অথরিটি (MTA) এবং বাস কোম্পানিগুলোর সাথে অংশীদারিত্বের মাধ্যমে স্কুলে যাওয়া-আসায় নিরাপদ এবং আস্থাভাজন পরিবহন নিশ্চিত করা। এই কাজটি অফিস অভ পিউপিল ট্র্যান্সপোর্টেশন (OPT) সমন্বয় এবং ব্যবস্থাপনা করে।

OPT শিক্ষার্থীর নিরাপত্তা, কর্মী প্রশিক্ষণে জোর দেয়া, কর্মশক্তির ব্যবস্থাপনা, যানবাহন রক্ষণাবেক্ষণ, এবং ঘটনা ব্যবস্থাপনাকে অগ্রাধিকার দিতে চার-অংশ বিশিষ্ট একটি সামগ্রিক পদ্ধতি ব্যবহার করে।

কর্মী প্রশিক্ষণ: সকল বাস ড্রাইভার এবং পরিচারকদেরকে জন্য স্টেট কর্তৃক আবশ্যক বিভিন্ন নবায়নী প্রশিক্ষণ পরিচালনা করা হয়। এছাড়া, DOE বাস কর্মীদেরকে সদা-প্রস্তুত থাকার জন্য বার্ষিক প্রশিক্ষণ প্রদান করে। আলোচিত বিষয়সমূহের মধ্যে রয়েছে:

- ভিশন জিরো অধিকতর নিরাপদ ড্রাইভিংয়ের উদ্যোগ।
- নিরাপত্তা বৃদ্ধির লক্ষ্যে গাড়ি চালানোর বিভিন্ন কৌশলে অধিক সচেতনতা।
- কীভাবে নিরাপদে বাস চালানো যায়, এতে অন্তর্ভুক্ত লিফট্ পরিচালনা এবং হুইলচেয়ার সুরক্ষিত করা।
- কীভাবে শিক্ষার্থীদের একটি বাসে নিরাপদে উঠাতে/নামাতে/যত্ন নিতে হবে।
- বিশেষ চাহিদাযুক্ত শিক্ষার্থীদের জন্য সেবা।

কর্মশক্তি ব্যবস্থাপনা: OPT-তে একটি নিবেদিত টিমের দায়িত্ব হলো কর্মীদের নিয়ম-নীতি মেনে চলা এবং তাদের আচরণ নিশ্চিত করা, যেমন:

- কর্মীদের সকল অর্জিত সনদ বা সার্টিফিকেট, প্রশিক্ষণ, এবং লাইসেন্স হালনাগাদ আছে তা নিশ্চিত করা।
- কর্মীর অসদাচরণে যথাযথ এবং দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা নিশ্চিত করা, এতে অন্তর্ভুক্ত কর্মীকে সাময়িক বহিষ্কার ও পুনর্বহাল।
- সার্টিফিকেটধারী কর্মীগণ যানবাহন পরিচালনা এবং অ্যাটেন্ডেন্ট হিসেবে কাজ করছেন তা নিশ্চিত করতে যানবাহনের ইয়ার্ডে কর্মীদের পরিদর্শন।
- যানবাহন রক্ষণাবেক্ষণ: OPT-তে একটি নিবেদিত টিম যানবাহনের নিরাপত্তা এবং রক্ষণাবেক্ষণ নিশ্চিত করে, এতে অন্তর্ভুক্ত OPT সনদপ্রাপ্ত (সার্টিফাইড) যানবাহন পরিচালিত হচ্ছে তা নিশ্চিত করতে বাস ইয়ার্ডগুলোতে যানবাহন পরিদর্শন করা।
- যানবাহন হালনাগাদ আছে তা নিশ্চিত করতে যানবাহনের বয়স সংক্রান্ত শর্তাবলী পূরণ।
- ড্রাইভারের আচরণ এবং নিরাপত্তার প্রতি লক্ষ্য রাখতে GEOTAB (GPS) সিস্টেম।

পরিস্থিতি ব্যবস্থাপনায় অন্তর্ভুক্ত:

- প্রতিদিন, শিক্ষার্থী নিরাপত্তা নিশ্চিত করতে বাসে যেসব ঘটনা ঘটছে সেগুলোর তাৎক্ষণিক পর্যালোচনা।
- বিভিন্ন স্কুল, অভ্যন্তরীণ OPT কর্মী, অন্যান্য ডিভিশনের DOE কর্মী, এবং বাস কোম্পানিগুলির সাতে তাৎক্ষণিক যোগসাজশ এবং পরবর্তী পদক্ষেপ শনাক্ত করা।
- যেসব স্কুল এবং বাস কোম্পানির প্রশিক্ষণ এবং লক্ষ্য-স্থিরীকৃত সহায়তার প্রয়োজন তাদের শনাক্ত করতে ড্যাটা পর্যালোচনা।

## 6 - আচরণবিধি

আচরণবিধিতে রয়েছে শিক্ষার্থীর আচরণ নিয়ন্ত্রণে DOE-এর নীতি ও প্রক্রিয়া এতে অন্তর্ভুক্ত শিক্ষার্থীর শিক্ষা অর্জনে সহায়তা করতে সিটিব্যাপী আচরণগত প্রত্যাশা (শৃঙ্খলা বিধি), যা আচরণের প্রত্যাশিত মান এবং অসদাচরণে লিপ্ত হলে বিভিন্ন হস্তক্ষেপ, সহায়তা, এবং শৃঙ্খলামূলক পদক্ষেপ প্রতিষ্ঠিত করে; বৈষম্যকরণ, হয়রানি, ভীতি প্রদর্শন এবং/অথবা বুলি (মাস্তানি) মোকাবেলা ও পদক্ষেপের জন্য বিধি-বিধান; পিতামাতাদের অবহিত করার জন্য বিভিন্ন নীতি এবং প্রক্রিয়া (তাদের পছন্দের ভাষায়); রিপোর্ট করার বাধ্যবাধকতা; আইন প্রয়োগকারীদের অবহিত করার বাধ্যবাধকতা; কর্মীদের প্রশিক্ষণ সংক্রান্ত বাধ্যবাধকতা; শিক্ষার্থীর অধিকার এবং দায়বদ্ধতার সনদ (বিল অভ স্টুডেন্ট রাইটস অ্যান্ড রেস্পন্সিবিলিটি), যা ইতিবাচক আচরণ এবং একটি নিরাপদ ও সহায়ক স্কুল পরিবেশ গড়ে তোলার প্রতি মনোনিবেশ করে।

~~কোনও 18 বছরের কম বয়সী ছেলে বা মেয়ে যে স্কুলে অংশগ্রহণ করছে না, সে এমনভাবে আচরণ করে যা বিপজ্জনক বা নিয়ন্ত্রণের বাহিরে, অথবা প্রায়ই পিতামাতা, অভিভাবক কিংবা অন্যান্য কর্তৃপক্ষকে অমান্য করে, তাকে ফ্যামিলি অ্যাসেসমেন্ট প্রোগ্রাম-এ সুপারিশ করা উচিত। একটি PINS আবেদন দাখিল করার আগে, পিতামাতাদের অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন্স সার্ভিসেস (ACS) ফ্যামিলি অ্যাসেসমেন্ট প্রোগ্রাম-এর (FAP) মাধ্যমে বিভিন্ন ভিন্নমুখী পরিষেবা (ডাইভারসন সার্ভিস) গ্রহণ করা আবশ্যক। FAP ওয়েবসাইটে PINS সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত আছে। (https://www1.nyc.gov/site/acs/justice/family-assessment-program.page).~~
~~পিতামাতাগণ প্রিভেনশন হেল্পলাইন-এ~~
~~(212) 676-7667 নম্বরে ফোন করে ঐচ্ছিক প্রতিরোধ পরিষেবার অনুরোধ করতে পারেন। স্কুলটিও বিভিন্ন পরিষেবা শনাক্ত করতে পারে এবং পরিবারকে পরিষেবা প্রদানকারীর সাথে সংযোগ ঘটিয়ে দিতে পারে। ( ACS - প্রতিরোধমূলক পরিষেবাসমূহ (nyc.gov) যখন কোনো স্কুল পালানো এবং/অথবা স্কুলে অসদাচরণের অভিযোগ করা হয়, তখন সেই কিশোর/কিশোরীর উপস্থিতি/স্কুলে আচরণের উন্নতি ঘটাতে স্কুল দ্বারা গৃহীত বিভিন্ন পদক্ষেপ আরও প্রতিরোধের প্রচেষ্টায় স্কুলের সম্পৃক্ত হবার প্রচেষ্টা FAP অথবা প্রতিরোধ প্রদানকারী পর্যালোচনা করবে। পলায়ন বা স্কুলে আচরণজনিত সমস্যা সমাধানের লক্ষ্যে আবেদন করার প্রয়োজনীয়তা দূর করতে, অথবা, কমপক্ষে, শিক্ষা-সংক্রান্ত অভিযোগগুলোর প্রতিকার করতে FAP স্কুলের সাথে যোগাযোগ করবে। DOE স্টাফ সদস্যদেরকেও হস্তক্ষেপ সংক্রান্ত নথিপত্র এবং PINS আবেদন জমা দেয়া ছাড়া শিক্ষাগত সমস্যাগুলো কেন সমাধান করা যাবে না তার কারণ প্রদান করতে বলা হতে পারে। যখন একটি PINS আবেদন দাখিল করা হয় এবং আদালত বিশ্বাস করে যে স্কুলের স্টাফের সহায়তা শিক্ষা-সম্পর্কিত বিষয়গুলো সমাধানে সাহায্য করতে পারে, তখন ফ্যামিলি কোর্টের বিচারক স্কুলের ঐ স্টাফকে আদালতে উপস্থিত হতে অনুরোধ করতে পারেন।~~

### a) শৃঙ্খলা বিধি:

শৃঙ্খলা বিধি শিক্ষার্থীদের অসদাচরণ মোকাবেলায় একটি কাঠামো প্রতিষ্ঠা করে। এই শর্তসাপেক্ষে যে, কাউন্সেলিং এবং পুনরুদ্ধারমূলক অনুশীলনীর মতো অন্যান্য স্কুল-ভিত্তিক হস্তক্ষেপের মাধ্যমে শিক্ষার্থীর আচরণ শোধরানোর যৌক্তিক সকল চেষ্টা অবশ্যই করতে হবে। আরও শর্তসাপেক্ষে যে, উপযুক্ত শৃঙ্খলামূলক পদক্ষেপসমূহ প্রতিরোধ এবং কার্যকর হস্তক্ষেপে, সহনশীলতা বাড়ানোতে, শিক্ষার্থীদের শিক্ষায় বিঘ্নতা প্রতিরোধে, এবং স্কুলে ইতিবাচক সংস্কৃতি অগ্রসর করার প্রতি জোর দেবে। এতে অন্তর্ভুক্ত বিবিধ ক্রমবর্ধনমান বয়স-উপযোগী হস্তক্ষেপ ও সহায়তা এবং শিক্ষার্থীর অসদাচরণ মোকাবেলায় ব্যবহৃত হতে পারে এমন শৃঙ্খলাজনিত পদক্ষেপ।

### b) হস্তক্ষেপের কৌশলসমূহ:

প্রতিটি স্কুল শিক্ষার্থীদেরকে একটি সহায়ক পরিবেশ প্রদানের লক্ষ্যে একটি ইতিবাচক স্কুলের পরিবেশ এবং সংস্কৃতি অগ্রসর করবে বলে প্রত্যাশিত যেখানে তারা উভয় সামাজিক ও শিক্ষায়তনিকভাবে বেড়ে উঠবে। সামাজিক-আবেগজনিত শিক্ষণের জন্য অর্থবহ বিভিন্ন সুযোগের পাশাপাশি বিভিন্ন ইতিবাচক আচরণগত সহায়তা প্রদান করার মাধ্যমে শিক্ষার্থীদের সমাজমুখী আচরণ লালনে স্কুলগুলো একটি সক্রিয় ভূমিকা রাখবে বলে প্রত্যাশিত।

স্কুল কর্মী সদস্যগণ শেখায় বিঘ্ন সৃষ্টিকারী শিক্ষার্থীর অনুপযুক্ত আচরণে পদক্ষেপ গ্রহণের জন্য দায়বদ্ধ। অ্যাডমিনিস্ট্রেটর, শিক্ষক, কাউন্সিলর এবং স্কুলের অন্যান্য কর্মীগণ সকল শিক্ষার্থীর সাথে হস্তক্ষেপ ও নিরোধে বিভিন্ন কৌশলে সম্পৃক্ত হবেন যা একটি শিক্ষার্থীর আচরণগত সমস্যাসমূহে পদক্ষেপ গ্রহণ করে, এবং কৌশলগুলো নিয়ে শিক্ষার্থী ও পিতামাতার সাথে আলোচনা করবেন বলে প্রত্যাশিত।

যখন কোনো শিক্ষার্থী স্কুল যাচ্ছে না অথবা এমন কোনো আচরণে সম্পৃক্ত হয় যা সুরক্ষাজনিত উদ্বেগের কারণ হয়ে ওঠে, অথবা পিতামাতা বা অভিভাবক কর্তৃক তাকে সামাল দেয়া কঠিন হয়ে পড়ে, সেক্ষেত্রে পরিবারেরা অতিরিক্ত সহায়তা পেতে আগ্রহী হন, তবে অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেনস্ সার্ভিসেস (ACS), ফ্যামিলি অ্যাসেসমেন্ট প্রোগ্রাম (FAP), অথবা ACS সাপোর্ট লাইনে 212 676-7667 নম্বরে রেফার করা হতে পারে।

শৃঙ্খলাবিধিতে বিভিন্ন হস্তক্ষেপের কৌশল বর্ণিত হয়েছে এবং এতে অন্তর্ভুক্ত হতে পারে গাইডেন্স কনফারেন্স(সমূহ); পিতামাতার সাথে যোগাযোগ; দ্বন্দ্ব নিরসন; স্বল্প-মেয়াদী আচরণগত অগ্রগতি প্রতিবেদন; ব্যক্তিগত আচরণের চুক্তি; কাউন্সেলিং হস্তক্ষেপ; পিউপল পার্সনেল টিম-এর কাছে সুপারিশ; পুনরুদ্ধারমূলক অনুশীলন; সহযোগিতামূলক সমস্যা সমাধান; ব্যক্তিগত বা গ্রুপ কাউন্সেলিং; ব্যক্তিগত সহায়তা পরিকল্পনা; কাউন্সেলিং সার্ভিসে সুপারিশ; মেন্টরিং; সামাজিক-আবেগজনিত শিক্ষা; এবং বিভিন্ন কমিউনিটি-ভিত্তিক সংস্থার সাথে সংযোগ। স্কুলগুলো শিক্ষার্থীদের জন্য বাস্তবায়িত হস্তক্ষেপসমূহ লিপিবদ্ধ করবে এবং এই পদক্ষেপগুলোর প্রভাব নিয়মিত মূল্যায়ন করবে বলে প্রত্যাশিত।

~~বিভিন্ন হস্তক্ষেপ এবং প্রতিরোধ কৌশল ব্যবহারের মাধ্যমে যা শিক্ষার্থীদেরকে সম্পৃক্ত রাখে এবং একটি স্পষ্ট লক্ষ্যের ধারণা প্রদান করে,~~ স্কুলের কর্মী ~~সদস্যগণ~~সদস্যবৃন্দ শিক্ষার্থীদের শিক্ষায়তনিক ~~এবং~~ও সামাজিক-আবেগজনিত ~~বিকাশকে সহজতর করে এবং তাদের~~ বিকাশে সহায়তা প্রদান করেন এবং হস্তক্ষেপ ও প্রতিরোধের বিভিন্ন কৌশলের মাধ্যমে স্কুলের নিয়ম-কানুন ও নীতি মেনে চলায় ~~সাহায্য করে~~ সহায়তা দেন যা তাদেরকে সম্পৃক্ত রাখে এবং একটি স্পষ্ট লক্ষ্যের ধারণা দেয়।

শিক্ষকগণ ক্লাসরুমে একটি সর্বোৎকৃষ্ট শিক্ষা পরিবেশ সৃষ্টির জন্য বিভিন্ন ধরনের শিক্ষায়তনিক এবং আচরণগত কৌশল ও পদ্ধতি ব্যবহার করেন। বিভিন্ন আন্তঃবিষয়ক টিম এতে গাইডেন্স কাউন্সেলরদের মতো অন্তর্ভুক্ত সহায়তা প্রদানকারী কর্মীবৃন্দ প্রতিটি স্কুলের অংশ। "ঝুঁকিতে আছে" এমন শিক্ষার্থীদের দ্বারা সম্মুখীন বিভিন্ন সুনির্দিষ্ট সমস্যা সমাধানে কৌশল প্রণয়ন ও বাস্তবায়নের জন্য এই টিমগুলো নিয়মিতভাবে মিলিত হয়।

যেখানে যথাযথ, চ্যান্সেলরের প্রবিধান A-443 এবং শৃঙ্খলা বিধিতে বর্ণিত প্রক্রিয়া অনুযায়ী ক্রমবর্ধমান বয়স-উপযোগী শৃঙ্খলাজনিত পদক্ষেপ অবশ্যই কার্যকর করতে হবে। (নিচে মুখ্য নথিপত্র বা ডকুমেন্টগুলো দেখুন)।

### c) বৈষম্য, হয়রানি, ভীতি-প্রদর্শন এবং বুলিইং বা মাস্তানি;

DOE-এর নীতি হচ্ছে একটি নিরাপদ ও শিক্ষা অর্জনে সহায়ক পরিবেশ বজায় রাখা যা শিক্ষার্থী দ্বারা অন্য শিক্ষার্থীর প্রতি হয়রানি, ভীতি প্রদর্শন এবং/অথবা নিগ্রহ; এবং শিক্ষার্থী দ্বারা অন্য শিক্ষার্থীর প্রতি প্রকৃত বা ধারণাকৃত জাতি, বর্ণ, ধর্মীয় মতবাদ, জাতিগত পরিচয়, রাষ্ট্রিক পরিচয়, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ধর্ম, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন অভিযোজন, প্রতিবন্ধিতা, অথবা ওজনের ভিত্তিতে বৈষম্য মুক্ত। চ্যান্সেলরের প্রবিধান A-832 এবং শৃঙ্খলা বিধিতে (ডিসিপ্লিন কোড) DOE-এর নীতি বর্ণিত আছে। (নিচের মুখ্য নথিগুলো দেখুন) এই নথিগুলো এধরনের ব্যবহার প্রতিরোধ, রিপোর্ট করা, তদন্ত করা, এবং সাড়াদানের বিভিন্ন প্রক্রিয়া প্রতিষ্ঠা করে।

সকল শিক্ষার্থী ও স্টাফকে চ্যান্সেলরের প্রবিধান A-832 অনুযায়ী শর্তাবলীর উপর অবশ্যই প্রশিক্ষণ দিতে হবে। শিক্ষার্থীদের তথ্য দিতে স্কুলগুলোকে সহায়তা দেয়ার লক্ষ্যে OSYD বিভিন্ন লেসন ও পাঠ্যক্রম, এবং একটি বিস্তারিত বাস্তবায়নের গাইড সহ একাধিক তথ্য-সংস্থান প্রদান করে। অতিরিক্তভাবে, এটি একটি ট্রেনিং ডেক এবং সম্পূরক তথ্য-উপকরণ তৈরি করে, যা স্কুলের নেতৃবৃন্দ শিক্ষা-নির্দেশনামূলক নয় এমন কর্মীবৃন্দ সহ সকল কর্মীর প্রশিক্ষণের আবশ্যকতা পূরণে ব্যবহার করা যেতে পারে।

### d) পিতামাতার সম্পৃক্ততা এবং অবহিতকরণ:

স্কুলগুলোকে নিরাপদ রাখায় শিক্ষার্থী, পিতামাতা, এবং স্কুলের কর্মীদের সবার একটি ভূমিকা আছে এবং এই লক্ষ্য অর্জনে অবশ্যই তারা একে অন্যকে সহযোগিতা করবেন। স্কুলের কর্মীদের উচিত পিতামাতাকে তাদের সন্তানের আচরণ সম্পর্কে অবহিত রাখা এবং উদ্বেগের ক্ষেত্রগুলো নিরসনে পিতামাতাকে অংশীদার হিসেবে অন্তর্ভুক্ত করা। যদি না আদালতের আদেশের কারণে সীমাবদ্ধতা থেকে থাকে, ফস্টার কেয়ারে থাকা শিক্ষার্থীদের ফস্টার পিতামাতা ও এজেন্সির পাশাপাশি, জন্মগত পিতামাতাদের তাদের সন্তানের আচরণের ও শৃঙ্খলাজনিত কারণে গৃহীত ব্যবস্থা সম্পর্কে অবহিত হওয়ার অধিকার রয়েছে।

একটি নিরাপদ এবং সহায়ক স্কুল পরিবেশ অগ্রসর করতে পিতামাতাগণ যাতে সক্রিয় এবং সংশ্লিষ্ট অংশীদার হতে ~~সক্ষম হতে~~ পারেন~~,~~ তা নিশ্চিত করতে, তাদের শৃঙ্খলা বিধির (ডিসিপ্লিন কোড) সাথে পরিচিত হওয়া উচিত।

শৃঙ্খলা বিধিটি বোঝা এবং শিক্ষার্থীদের সামাজিক-আবেগজনিত বিকাশে সহায়তা দিতে স্কুলের সাথে কীভাবে সবচেয়ে ভালোভাবে কাজ করা যায়, সেবিষয়ে পিতামাতাদের জন্য কর্মশালার আয়োজন করতে স্কুলগুলোকে উৎসাহ দেয়া হয়। শৃঙ্খলা বিধি সম্পর্কে তথ্য পিতামাতাদের কাছে উপস্থাপন করার জন্য অ্যাডমিনিস্ট্রেটর এবং প্যারেন্ট কোঅর্ডিনেটরদের সাহায্য করতে OSYD ওয়ার্কশপ ট্রেনিং ডেক তৈরি ও লভ্য করে।

শিক্ষাবিদদের দায়িত্ব পিতামাতাদেরকে তাদের সন্তানের আচরণ সম্পর্কে অবহিত রাখা এবং স্কুল ও সমাজে সাফল্যের জন্য শিক্ষার্থীদের প্রয়োজনীয় দক্ষতা লালন করা। পিতামাতাদেরকে তাদের সন্তানের শিক্ষক এবং অন্য স্কুল কর্মীদের সাথে ঐসব বিষয়ে আলোচনায় উত্সাহিত করা হয় যেগুলি শিক্ষার্থীর আচরণকে প্রভাবিত করে এবং যা শিক্ষার্থীর সাথে কাজে কার্যকর হয় এমন সব কৌশল।

শিক্ষার্থীর আচরণের জন্য যেসব পিতামাতা সহায়তা ও মধ্যস্থতা নিয়ে আলোচনা করতে আগ্রহী তাদের শিক্ষার্থীর স্কুলের সাথে যোগাযোগ করা উচিত, এতে অন্তর্ভুক্ত প্যারেন্ট কোঅর্ডিনেটর, অথবা প্রয়োজনবোধে, অফিস অভ ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এমপাওয়ারমেন্ট।

যদি কোনও শিক্ষার্থী অনুপযুক্ত আচরণে সংশ্লিষ্ট হয় যারহবার ফলে শৃঙ্খলা বিধির লঙ্ঘন হয়, তবে প্রিন্সিপাল অথবা তার মনোনীত ব্যক্তি অবশ্যই শিক্ষার্থীর পিতামাতার কাছে সেই আচরণ অবহিত করবেন।

e) প্রশিক্ষণ:

প্রতিটি শিক্ষার্থী একটি নিরাপদ, সহায়ক এবং অন্তর্ভুক্তিমূলক স্কুলে শিক্ষা পাচ্ছে, তা নিশ্চিত করা DOE-এর সর্বোচ্চ অগ্রাধিকার। এটা করতে, DOE পুনরুদ্ধারমূলক পদ্ধতি ব্যবহার করে যা দ্বন্দ্বের মূল কারণ সমাধান করার পাশাপাশি বিভিন্ন শিক্ষণীয় মুহূর্তের মাধ্যমে ইতিবাচক আচরণের প্রতি জোর দেয়। DOE শিক্ষার্থীদের সামাজিক-আবেগীয়আবেগজনিত দক্ষতা ও সার্বিক সুস্থতায় সহায়তা দেয়ার লক্ষ্যে শিক্ষকদের রিসোর্সদিতে শিক্ষকদেরকে বিভিন্ন তথ্য-সংস্থান প্রদান করে, এবং ফলস্বরূপ, সাসপেনশন অথবা শৃঙ্খলামূলক পদক্ষেপেরশৃঙ্খলাবিধানমূলক শাস্তির উপর নির্ভরতা হ্রাস করে।কমায়।

একটি নিরাপদ এবং মর্যাদাশীল স্কুল কমিউনিটি প্রতিষ্ঠা এবং সেটার সংরক্ষণ স্কুলে শিক্ষার্থীরা কীভাবে আচরণ করে, সেবিষয়ে প্রধান ভূমিকা রাখে। ইতিবাচক শিক্ষার্থী আচরণ অগ্রসর করতে, স্কুল কমিউনিটির সকল সদস্য—শিক্ষার্থী, কর্মী ও পিতামাতাদের—সকল শিক্ষার্থীর মেনে চলার জন্য প্রত্যাশিত প্রমিত আচরণমালা, অসদাচরণ মোকাবেলায় যে সহায়তা ও হস্তক্ষেপ করা হবে, এবং আচরণের মান পূরণ না হলে গৃহীত শৃংখলামূলক পদক্ষেপগুলো সম্পর্কে জানতে ও বুঝতে হবে।

শিক্ষার্থীদের সাথে 'শৃঙ্খলা বিধি' (ডিসিপ্লিন কোড), 'শিক্ষার্থীর অধিকার''অধিকার এবং দায়বদ্ধতা সংক্রান্ত শিক্ষার্থীর সনদ' (স্টুডেন্ট বিল অভ স্টুডেন্ট রাইটস অ্যান্ড রেস্পন্সিবিলিটি), এবং DOE-এর 'ইন্টারনেটের গ্রহণযোগ্য ব্যবহার এবং সুরক্ষা নীতি' (ইন্টারনেট অ্যাক্সেপ্টেবল ইউজ অ্যান্ড রেস্পসিবিলিটিজ) পর্যালোচনা করতে স্কুলগুলোকে অবশ্যই সময় আলাদা করে রাখতে হবে। আচরণ-বিধি উভয় সশরীরে এবং অনলাইনে শিক্ষার্থীদের আচরণের ক্ষেত্রে প্রযোজ্য। স্কুলগুলো শিক্ষার্থী এবং পরিবারদের ডিজিটাল নাগরিকত্ব এবং সাইবার বুলিং (অনলাইনে মাস্তানি) প্রতিরোধ সম্পর্কে শিক্ষা দেবে, এতে অন্তর্ভুক্ত অনলাইনে শ্রদ্ধাশীলতার সাথে কথপোকথন, গোপনীয়তা, এবং নিরাপত্তার প্রত্যাশা। ডিজিটাল পরিবেশে বুলিং (মাস্তানি), হয়রানি, অথবা ভয়ভীতি দেখানো সহ ইলেকট্রনিক যোগাযোগের সাথে সম্পর্কিত বিভিন্ন ঘটনায় পদক্ষেপ গ্রহণের জন্য শিক্ষার্থী, পরিবার, ও কর্মীদের জন্য সুস্পষ্ট রিপোর্ট করার ব্যবস্থা প্রতিষ্ঠা করা হবে।

শিক্ষার্থীরা শৃঙ্খলা বিধি (ডিসিপ্লিন কোড) বোঝে ও সমর্থন করে তা বয়স উপযোগী ক্লাসরুম শিক্ষা-নির্দেশনার মাধ্যমে সবচেয়ে কার্যকরভাবে নিশ্চিত করার যায়। সকল শিক্ষার্থীকে শৃঙ্খলা বিধির (ডিসিপ্লিন কোড) উপর অবশ্যই কমপক্ষে একটি পাঠ্য দিতে হবে। DOE মান-ভিত্তিক বয়স উপযোগী পাঠ্য পরিকল্পনা লভ্য করে এতে রয়েছে বিভিন্ন সম্পৃক্তিমূলক অনুশীলনী, সুপারিশকৃত প্রজেক্ট এবং শিক্ষার্থীদের মধ্যে একযোগে শেখার অভিজ্ঞতার বিভিন্ন সুযোগ, এবং একটি শিক্ষার্থী কর্মশালায় প্রশিক্ষণের ডিজিটাল উপস্থাপনা।

স্কুলগুলোকে অবশ্যই সকল স্টাফ সদস্যের সাথে শৃঙ্খলা বিধি পর্যালোচনা করতে এবং বিধির উদ্দেশ্য আলোচনার লক্ষ্যে একটি ওয়ার্কশপ পরিচালনা। সম্পৃক্তিমূলক অনুশীলনী সহ একটি আদর্শ পেশাগত উন্নয়ন কর্মশালায় প্রশিক্ষণের ডিজিটাল উপস্থাপনা স্কুলগুলোর ব্যবহারের জন্য লভ্য আছে।

## 7 - কর্মস্থলে সহিংসতা প্রতিরোধ

জানুয়ারি 2024 থেকে শুরু করে, DOE কর্মস্থলের সহিংসতা প্রতিরোধে একটি নীতি বাস্তবায়ন করেছে যা কর্মস্থল সহিংসতা প্রতিরোধ আইনের (NY স্টেট লেবার আইনের ধারা 2, সেকশন 27-b) শর্তাবলী পূরণ করার লক্ষ্যে ডিজাইন করা হয়েছে।

এই নীতি সাথে সম্পর্কিত, যেকোনো শারীরিক আক্রমণ অথবা আগ্রাসী আচরণকে কর্মস্থলে সহিংসতা হিসেবে সংজ্ঞায়িত করা হয়, যা কোনো কর্মী তার চাকুরিতে দায়িত্ব পালনে নিয়োজিত থাকাকালে সংঘটিত হয়।

যেসব ব্যক্তি এই নীতি লঙ্ঘন করে তাদের সম্পর্কে আইন প্রয়োগকারী সংস্থার কাছে অবহিত করা, DOE-এর ভবন বা প্রাঙ্গণ থেকে অপসারণ করা, এবং/অথবা তার বিরুদ্ধে শৃঙ্খলাজনিত এবং/অথবা কর্মী বিষয়ক পদক্ষেপ গ্রহণ করা হতে পারে, যা DOE-এর নীতি, নিয়ম-কানুন, এবং যৌথ দরকষাকষি চুক্তির সাথে সামঞ্জস্যপূর্ণ। DOE একটি কর্ম পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সহায়তাদানের জন্য একটি কর্মক্ষেত্রে সহিংসতা প্রতিরোধ প্রোগ্রামhttps://infohub.nyced.org/nyc-doe-roles/human-resources/employee-safety-and-health/workplace-violence-prevention তৈরি করেছে যা সহিংস অথবা সম্ভাব্য সহিংস পরিস্থিতির কার্যকর সমাধান দেয়, এবং এতে প্রতিরোধের প্রতি মনোনিবেশ করা হয়। সকল কর্মীর জন্য এই প্রোগ্রামের অংশ হিসেবে বার্ষিক প্রশিক্ষণে অংশগ্রহণ বাধ্যতামূলক।

## 8 - সম-কর্মসংস্থানের সুযোগ (ইক্যুয়াল এমপ্লয়মেন্ট অপরচুনিটি, EEO)

DOE সকল কর্মীদের জন্য বিভিন্ন সম-কর্মসংস্থানের সুযোগ (ইক্যুয়াল এমপ্লয়মেন্ট অপরচুনিটি, EEO) সংক্রান্ত নীতি এবং সংশ্লিষ্ট সংস্থান লভ্য করে। এই সংস্থানগুলো কর্মীদের মাঝে একাত্মতা, সার্বিক-কল্যাণ, কমিউনিটি, শ্রদ্ধা, ও নিরাপত্তার অনুভূতি অগ্রসর করে, এতে অন্তর্ভুক্ত:

- ~~DOE-এর সমন্বিত বৈচিত্র্যময়তা এবং অন্তর্ভুক্তির নীতি;~~
- ~~বৈষম্য-বিরোধী নীতি এবং চ্যান্সেলরের প্রবিধান A-830;~~
- ~~সরবরাহকারীর বৈচিত্র্যময়তা এবং সংখ্যালঘু/নারী-মালিকানাধীন ব্যবসা উদ্যোগ (মাইনরিটি/ওয়েমেন-অওনড্ বিজনেস এন্টারপ্রাইজ, MWBE);~~
- ~~HR কানেক্ট: যৌক্তিক বিশেষ সুবিধাসমূহ;~~
- ~~কর্মী সংস্থান গ্রুপ (এমপ্লয়ি রিসোর্স গ্রুপ, ERG);~~ এবং
- ~~NYC এমপ্লয়ি অ্যাসিসট্যান্স প্রোগ্রাম (কর্মী সহায়তা কর্মসূচি).~~
- ~~অফিস অভ ডিস্যাবিলিটি অ্যাকোমোডেশনস্~~
- ~~সিটি অভ নিউ ইয়র্ক-এর EEO নীতি~~
- বৈচিত্রময়তা এবং অন্তর্ভুক্তিকরণ নীতি
- অ-বৈষম্যের নীতি
- চ্যান্সেলরের প্রবিধান A-830
- সরবরাহকারীর বৈচিত্র্যময়তা এবং সংখ্যালঘু/নারী-মালিকানাধীন ব্যবসা উদ্যোগ (মাইনরিটি/ওয়েমেন-অওনড্ বিজনেস এন্টারপ্রাইজ, MWBE)
- HR কানেক্ট: যৌক্তিক বিশেষ সুবিধাসমূহ
- কর্মী সংস্থান গ্রুপ (এমপ্লয়ি রিসোর্স গ্রুপ, ERG)
- NYC এমপ্লয়ি অ্যাসিসট্যান্স প্রোগ্রাম (কর্মী সহায়তা কর্মসূচি).
- অফিস অভ ডিস্যাবিলিটি অ্যাকোমোডেশনস্
- সিটি অভ নিউ ইয়র্কের সম-নিয়োগের সুযোগ সংক্রান্ত নীতি

## 9 – জরুরি পরিস্থিতিতে দূর থেকে বা রিমোট শিক্ষা-নির্দেশনার পরিকল্পনা

শিক্ষার্থীরা যুগপৎ (সিঙ্ক্রোনাস) শিক্ষা-নির্দেশনা অনুসরণে সক্ষম হবার লক্ষ্যে কম্পিউটার ডিভাইস অথবা অন্য কোনো উপায় লভ্য আছে তা নিশ্চিত করতে DOE বিভিন্ন নীতিমালা এবং প্রক্রিয়া প্রতিষ্ঠা করেছে। জরুরি পরিস্থিতিতে রিমোট বা দূর থেকে শিক্ষা-নির্দেশনা গ্রহণকারী শিক্ষার্থীদের জন্য ইন্টারনেট সংযোগ সুবিধা আছে, তা নিশ্চিত করতে অতিরিক্ত নীতিমালা এবং প্রক্রিয়াসমূহ বহাল রয়েছে।

### a) ডিভাইস ব্যবহারের সুযোগ

DOE-এর শিক্ষার্থীদের কাছে দেয়া সরঞ্জামসমূহের হিসাব রাখার বিভিন্ন প্রক্রিয়া রয়েছে। এতে অন্তর্ভুক্ত দূর থেকে শিক্ষা-নির্দেশনার জন্য একটি ডিভাইস প্রয়োজন এমন সকল শিক্ষার্থী যেন একটি ডিভাইস পায় তা নিশ্চিত করতে শিক্ষার্থীদের ব্যক্তিগত ডিভাইসের পাশাপাশি DOE ইস্যুকৃত ডিভাইস ব্যবহারেরও সুযোগ রয়েছে। স্কুলগুলো কেন্দ্রীয়ভাবে প্রাপ্ত ডিভাইসগুলি বিতরণে চাহিদাযুক্ত শিক্ষার্থীদেরকে অগ্রাধিকার দেবে। যখন কেন্দ্রীয়ভাবে অর্থায়িত ডিভাইসের মজুদ শেষ হয়ে যায়, তখন স্কুলগুলো স্কুলের কেনা ডিভাইসগুলো শিক্ষার্থীদের মাঝে বিতরণ করতে পারে। দূর থেকে শিক্ষা বা রিমোট লার্নিং দিবস অনুমান করে স্কুলগুলো কোনও শিক্ষার্থীকে স্বল্প-মেয়াদে একটি ডিভাইস ধার দেয়া সমন্বয় করতে পারে। ~~প্রয়োজনবোধে, স্কুলগুলো বিদ্যমান DOE চুক্তির মাধ্যমে স্কুলের তহবিল ব্যবহার করে অতিরিক্ত ডিভাইস ক্রয় করতে পারে।~~শিক্ষার্থীদের সর্বদা সক্রিয় প্রযুক্তি ব্যবহারের সুযোগ রয়েছে তা নিশ্চিত করতে স্কুলগুলো অবশ্যই প্রতিবছর প্রয়োজন মতো ডিভাইসের চাহিদা, সেগুলোর তালিকা, অবস্থা, ও কার্যক্ষমতার তথ্য পর্যালোচনা করবে এবং ডিভাইসের সরবরাহ বজায় রাখতে ও সেগুলো প্রতিস্থাপন করতে অর্থ বরাদ্দ দেবে।

~~2020 সাল থেকে, প্রায় 550,000-টি আইপ্যাড এবং 200,000-টি ক্রোমবুক কেনা হয়েছে এবং শিক্ষার্থীদের ব্যবহারের জন্য শিক্ষার্থী ও স্কুলগুলোর মাঝে বিতরণ করা হয়েছে। DOE চাহিদা আছে এমন শিক্ষার্থীদেরকে ডিভাইস প্রদান অব্যাহত রাখবে।~~

### b) ইন্টারনেট সংযোগ

যেসব পরিবারের বাড়িতে ওয়াই-ফাই সুবিধা নেই তাদের শনাক্ত করতে স্কুলগুলোকে সহায়তা করার জন্য DOE ডিজিটাল ইকুইটি ফ্যামিলি জরিপ থেকে প্রাপ্ত জবাবসমূহ ব্যবহার করে।

~~DOE, যতটুকু~~স্কুলগুলো, যতটা সম্ভব, শিক্ষার্থী ও পরিবারদেরকে বাড়িতে ইন্টারনেট সংযোগ পেতে সহায়তা করবে।

যেসব শিক্ষার্থী কেন্দ্রীয়ভাবে কেনা LTE ডিভাইস ব্যবহার করছে তাদেরকে ওয়্যারলেস ইন্টারনেট সার্ভিসে উত্তরণ করা হয়েছে। পরিবারেরা বিভিন্ন বিনামূল্যে ও স্বল্পমূল্যে ওয়াই-ফাই পাবার বিকল্পগুলোর একটি পাবার তথ্য কীভাবে সংগ্রহ করতে পারে, সেবিষয়ে সহায়তা দিতে স্কুলগুলোকে নির্দেশ দেয়া হয়েছে।

DOE-এর ওয়েবসাইটটি ওয়্যারলেস ইন্টারনেট সার্ভিস পাওয়া যেতে পারে এমন সব বিনামূল্যের অথবা স্বল্প-মূল্যের বিকল্পসমূহের একটি সার-সংক্ষেপ প্রদান করে। এর পাশাপাশি, নিউ ইয়র্ক সিটিতে 200-টিরও বেশি হোমলেস শেল্টারে ওয়্যারলেস সার্ভিস রয়েছে এবং বিগ অ্যাপেল কানেক্ট NYCHA-এ বসবাসকারীদের বিনাখরচে, দ্রুত, নির্ভরযোগ্য, এবং নিরাপদ ইন্টারনেট সুবিধা নিশ্চিত করে।

এই তথ্য পরিবারদের সাথে শেয়ার করতে এবং তাদের পরিস্থিতির সাথে সর্বাধিক মানানসই বিকল্পটিতে সাইন আপ করার জন্য সহায়তা করতে স্কুলগুলোকে নির্দেশনা দেয়া হবে। আমরা পূর্বানুমান করছি যে, বাড়িতে ওয়াই-ফাই সুবিধা নেই এমন পরিবারেরা এই বিকল্পগুলোর একটি থেকে বিনামূল্যে অথবা হ্রাসকৃত মূল্যে ওয়াই-ফাই পাবে।

যদি এই বিকল্পগুলো সম্ভবপর না হয়, তবে স্কুলগুলো সম্ভব হলে DOE-এর বিদ্যমান চুক্তির মাধ্যমে, একটি LTE-সক্ষম ওয়্যারলেস হটস্পট অথবা ডিভাইস কিনতে এবং প্রদান করতে পারে।

c) নীতিমালা ও কার্যপ্রণালী

বিভিন্ন নীতি ও প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত থাকবে:

- জরুরি পরিস্থিতিতে রিমোট শিক্ষা-নির্দেশনার দিনগুলিতে শিক্ষার্থীদের শিক্ষা-নির্দেশনায় যুগপৎ (সিঙ্ক্রোনাস) এবং অ-যুগপৎ (অ্যাসিঙ্ক্রোনাস) সময়ের যে অনুপাত সেবিষয়ে স্কুল-কর্মীদের কাছে প্রত্যাশা করা হয় যে, এই ব্যয়কৃত সময় যেন অ-যুগপৎ শিক্ষা-নির্দেশনা যুগপৎ শিক্ষা-নির্দেশনার সম্পূরক হয়।

- সেই স্কুল-ভিত্তিক শিক্ষকবৃন্দ এবং সম্পর্কিত পরিষেবা প্রদানকারীদের জন্য কোনো একটি অনুমোদিত DOE প্ল্যাটফর্মে ডিজিটাল ক্লাসরুম সেট-আপ করা এবং সকল নির্ধারিত শিক্ষার্থীকে এতে সংযুক্ত করা আবশ্যক। যদি স্কুল বন্ধ থাকে, তবে স্কুল-ভিত্তিক শিক্ষকবৃন্দ এবং অন্য আবশ্যক পরিষেবা প্রদানকারীদের জন্য ডিজিটাল ক্লাসরুমের মাধ্যমে দূর থেকে যুগপৎ (সিঙ্ক্রোনাস) শিক্ষা-নির্দেশনা প্রদান করা বাধ্যতামূলক। আরও তথ্যের জন্য, কর্মীগণ DOE-এর অভ্যন্তরীণ ওয়েবসাইটে লভ্য ~~'লেবার পলিসি গাইডেন্স ফর ডিজিটাল ক্লাসরুম'~~'Labor Policy Guidance for Digital Classroom' (ডিজিটাল ক্লাসরুমের জন্য শ্রম নীতির উপর পথ-নির্দেশনা) পর্যালোচনা করতে পারেন। যেসব শিক্ষার্থীর জন্য ডিজিটাল প্রযুক্তি দ্বারা রিমোট শিক্ষা-নির্দেশনা লভ্য অথবা উপযুক্ত নয়, তাদের ক্ষেত্রে শিক্ষা-নির্দেশনা কেমন হবে তার বিবরণ।

- স্কুল-ভিত্তিক নেতৃবৃন্দ শিক্ষার্থীদেরকে তাদের শিক্ষা-নির্দেশনায় লগ ইন করতে বাড়ি-ভিত্তিক প্রযুক্তি ব্যবহারে সহায়তা দিতে একটি পদ্ধতি নিশ্চিত করার জন্য দায়বদ্ধ। যেসব শিক্ষার্থীর জন্য ডিজিটাল টেকনোলজির মাধ্যমে রিমোট শিক্ষা-নির্দেশনা উপযুক্ত নয়, শিক্ষকগণ শিক্ষার্থীর জন্য পরিচিত এবং ব্যবহারযোগ্য উপকরণ বাড়িতে পাঠাবে বলে প্রত্যাশিত, যেমন স্পর্শযোগ্য কাজের প্যাকেট, ম্যানিপুলেটিভ উপকরণ, বই ইত্যাদি। এই উপকরণগুলো শিক্ষার্থী এবং তাদের অভিভাবকদের দ্বারা অ-যুগপৎভাবে ব্যবহার করা যেতে পারে। স্কুলগুলির সম্ভাব্য দূর থেকে শিক্ষা-নির্দেশনা দিবসের ধারণা সাপেক্ষে শিক্ষা বছরের বিভিন্ন সময়ে পর্যায়ক্রমে বিভিন্ন কর্মকাণ্ড এবং উপকরণ শেয়ার করার বিষয়টি বিবেচনা করা উচিত। পরিবারদের প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ প্রযুক্তি বিষয়ে সহায়তা দিতে স্কুলের টেকনোলজি বিষয়ক যোগাযোগের ব্যক্তিগণ পরিবারদের সাথে অব্যাহত যোগাযোগ বজায় রাখবেন।

- একটি বিনামূল্যে এবং যথাযথ পাবলিক এডুকেশন ব্যবস্থা অব্যাহত রাখা নিশ্চিত করতে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী এবং প্রতিবন্ধিতাযুক্ত প্রিস্কুল শিক্ষার্থীদেরকে তাদের ইন্ডিভিজ্যুয়ালাইজড্ এডুকেশন প্রোগ্রাম (IEP) অনুযায়ী, যথা প্রযোজ্য, কীভাবে স্পেশাল এডুকেশন এবং সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদান করা হবে তার একটি বিবরণ। ~~কোনো কারণে স্কুল বন্ধ থাকলে, শিক্ষক এবং সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদানকারীগণ রিমোটভাবে বা দূর থেকে যুগপৎ (সিঙ্ক্রোনাস) শিক্ষা-নির্দেশনার উপর নির্ভর করবে বলে প্রত্যাশিত। কর্মীগণ DOE-এর অভ্যন্তরীণ ওয়েবসাইটে লভ্য 'লেবার পলিসি গাইডেন্স ফর ডিজিটাল ক্লাসরুম' (ডিজিটাল ক্লাসরুমের জন্য শ্রম নীতির উপর পথ-নির্দেশনা) পর্যালোচনা করতে পারেন।~~ IEP-এর সাথে সামঞ্জস্য রেখে, শিক্ষার্থীরা যখন বাড়িতে থাকে, তখন তাদের যুগপৎ (সিঙ্ক্রোনাস) শিক্ষা অর্জনের সুযোগ, IEP-চালিত বিভিন্ন দক্ষতা, কৌশল, এবং শেখার অনুশীলনের কাজে সম্পৃক্ত রাখার একটি মিশ্রণের মাধ্যমে দূর থেকে বা রিমোটভাবে শেখার সময় প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী এবং প্রিস্কুল শিক্ষার্থীদের স্পেশাল এডুকেশন এবং সম্পর্কিত পরিষেবা প্রদান করা হয়। সম্পর্কিত পরিষেবা প্রদানকারীগণ যতটা সম্ভব দূর থেকে বা রিমোট অধিবেশনের মাধ্যমে শিক্ষার্থীদের সাথে পরিষেবার সময়সূচি বজায় রাখবেন বলে প্রত্যাশিত। কোনো শিক্ষার্থীকে দূর থেকে বা রিমোটভাবে সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদান করতে প্রত্যেক ~~OT, PT~~অকুপেশনাল থেরাপিস্ট, ফিজিক্যাল থেরাপিস্ট, এবং স্পিচ পরিষেবা প্রদানকারীকে অবশ্যই প্রতি বছর পিতামাতার সম্মতি নিতে হবে। প্রতিটি দূর থেকে বা রিমোট সংশ্লিষ্ট পরিষেবার (রিলেটেড সার্ভিস) অধিবেশনে IEP লক্ষ্যসমূহের প্রতি খেয়াল রাখা হয়। যদি দীর্ঘ সময়ের জন্য রিমোট বা দূর থেকে শিক্ষা-নির্দেশনা দেয়ার প্রয়োজন হয়, তবে পরিবার এবং শিক্ষার্থীদের জন্য সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদানকারীগণ লভ্য থাকেন এবং তাদের সাথে যোগাযোগের সুযোগও থাকে, যা হয়ে থাকে সঙ্গতিপূর্ণভাবে কোনো অনুমোদিত যোগাযোগের প্ল্যাটফর্মে।

- দূর-থেকে বা রিমোট শিক্ষা দিবসের ক্ষেত্রে, শিক্ষার্থীদের যেন তাদের ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) অথবা 504 প্ল্যানে বর্ণিত সহায়ক প্রযুক্তিগত ডিভাইসসমূহ ব্যবহারের সুযোগ থাকে তা স্কুলগুলো নিশ্চিত করবে। এতে অন্তর্ভুক্ত বর্ধনশীল এবং বিকল্প যোগাযোগ (অগমেন্টেটিভ অ্যান্ড অলটারনেটিভ কমিউনিকেশন, AAC) পদ্ধতি এবং অন্যান্য সহায়ক প্রযুক্তির (অ্যাসিস্টিভ টেকনোলজি, AT) উপকরণ। যুগপৎ (সিঙ্ক্রোনাস) শিক্ষা অর্জনের সময়ে এই প্রযুক্তিগুলোর কার্যকর ব্যবহারে সহায়তা করতে, সেন্ট্রাল AT টিম দূর-থেকে বা রিমোটভাবে প্রশিক্ষণ এবং প্রযুক্তিগত সহায়তা প্রদান করবে। সেন্ট্রাল AT টিম দ্বারা প্রদত্ত সকল AAC এবং AT ডিভাইসসমূহের যথাযথ তত্ত্বাবধান এবং কার্যকারিতা নিশ্চিত করতে NYCPSDOE-এর কেন্দ্রীয় ডিভাইস ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে ব্যবস্থাপনা করা হয়। যেসব স্কুল ডিস্ট্রিক্ট ফাউন্ডেশন এইড লাভ করে তাদের ক্ষেত্রে, এই চ্যাপ্টারের সেকশন 175.5স্টেটের আইন অনুযায়ী জরুরি পরিস্থিতিতে দূর থেকে বা রিমোট শিক্ষা-নির্দেশনায় ব্যয় করা প্রতিটি দিনে যত ঘন্টা শিক্ষা-নির্দেশনায় ব্যয় হয়েছে তা স্কুল ডিস্ট্রিক্টগুলোDOE স্টেটের আর্থিক সহায়তা প্রাপ্তির জন্য দাবি করার ইচ্ছা পোষণ করে। রিমোট শিক্ষা-নির্দেশনায় ব্যয়কৃত সময়ের (ঘন্টার) সংখ্যা স্কুলের ভিতরে প্রদত্ত শিক্ষা-নির্দেশনার সময়কেই প্রতিফলিত করে। কিন্ডারগার্টেন এবং এক থেকে ছয় গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের পূর্ণ-দিবসের জন্য, DOE-এর অভিপ্রায় প্রতিদিন 5 ঘণ্টার দাবি করা, 7-12 গ্রেডের শিক্ষার্থীদের জন্য, DOE-এর অভিপ্রায় প্রতিদিন 5.5 ঘণ্টা দাবি করা।

## 10 - স্কুল বিল্ডিংগুলোতে সর্বোচ্চ তাপমাত্রার পরিকল্পনাতাপমাত্রা

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন আইন সেকশন 409-Nনিউ ইয়র্ক স্টেট এডুকেশন আইন সেকশন 409-N (1 সেপ্টেম্বর, 2025 তারিখ কার্যকর) স্কুল বিল্ডিং এবং ফ্যাসিলিটিগুলোতে সর্বোচ্চ তাপমাত্রার বিধান ধার্য করে। স্কুলগুলোর জন্য তাপজনিত অস্বস্তি প্রশমনে পদক্ষেপ গ্রহণ করা এবং যেসব স্থানে এটি ঘটতে পারে সেখান থেকে শিক্ষার্থী এবং কর্মীদেরকে অপসারণ করা আবশ্যক। বিল্ডিংয়ের নেতৃবৃন্দদের দ্বারা যথাযথ বাস্তবায়নের জন্য এই পূর্ণ নীতিটি সকল স্কুল বিল্ডিং এবং অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিংয়ের সুরক্ষা পরিকল্পনায় আবির্ভূত হবে।পরিকল্পনাটির সার-সংক্ষেপ এখানে পাওয়া যাবে:

পরিকল্পনাটির সার-সংক্ষেপ এখানে পাওয়া যাবে:

### a) সংজ্ঞাসমূহ

1. অত্যন্ত গরম তাপমাত্রার দিনসমূহ: সেসব দিন, যখন ব্যবহারযোগ্য শিক্ষাগত এবং সহায়তা পরিষেবার স্থানগুলোর তাপমাত্রা 82°F ডিগ্রি অথবা এরচেয়ে বেশি।
2. সহায়তা পরিষেবার স্থানসমূহ: এতে অন্তর্ভুক্ত অফিস, লাইব্রেরি, জিম, ক্যাফেটেরিয়া (খাবার প্রস্তুতের জন্য ব্যবহার করা কিচেনের জায়গাসমূহ ব্যতীত)
3. তাপমাত্রা পরিমাপ: ছাউনিযুক্ত স্থান, ফ্লোর থেকে তিন ফুট উপরে, এবং রুমের মাঝামাঝি স্থানে নেয়া হয়।

### b) তাপমাত্রা প্রশমনের জন্য পদ্ধতিসমূহ (82°F অথবা এরচেয়ে বেশি)

যখন অভ্যন্তরীণ তাপমাত্রা 82°F ডিগ্রিতে পৌঁছে, তখন স্কুলগুলো তাপমাত্রা-সংশ্লিষ্ট অস্বস্তি হ্রাস করতে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করবে:

- যেখানে সম্ভব উপরে ঝুলন্ত লাইটগুলি বন্ধ করা, সরাসরি সূর্যের আলো বন্ধ করতে শেড/ব্লাইন্ড নামিয়ে দেয়া, বাতাসের প্রবাহ বাড়াতে ফ্যান ব্যবহার করা, জানালা ও দরজা (যেখানে নিরাপদ ও সুরক্ষিত) খুলে দেয়া, অব্যবহৃত তাপ উৎপাদনকারী ইলেক্ট্রনিক সরঞ্জাম বন্ধ করা, শিক্ষার্থী এবং কর্মীদের জন্য বাড়তি পানি পানের বিরতি প্রদান করা, দৈহিক কর্মকাণ্ডের স্তর সামঞ্জস্য করা (যেমন, জিমে কষ্টকর কর্মকাণ্ড সীমিত করা)।

### c) স্থান-পরিবর্তন বা ছুটির পরিকল্পনা (88°F ডিগ্রি অথবা এরচেয়ে বেশি)

যখন অভ্যন্তরীণ তাপমাত্রা 88°F -এ পৌঁছে যায়, বিল্ডিং নেতৃবৃন্দকে অবশ্যই তাদের বিভিন্ন ফ্যাসিলিটি টিমের সাথে তাপমাত্রা কমাবার যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে, এতে অন্তর্ভুক্ত হতে পারে (কিন্তু এতেই সীমিত নয়) লভ্য শীতলকরণ পদক্ষেপ মূল্যায়ন করা, আরও ঠান্ডাঠাণ্ডা কোনও স্থানে কর্মী এবং শিক্ষার্থীদেরকে সরিয়ে নেয়া, অথবা কাজ কিংবা স্কুলের সময়সূচি পরিবর্তন করা।

যখন তাপমাত্রা 88°F -এ পৌঁছে যায়, তখন স্কুল এবং প্রশাসনিক বিল্ডিং নেতৃবৃন্দকে অবশ্যই কর্মী এবং শিক্ষার্থীদেরকে সতর্ক করার জন্য যোগাযোগ নিয়ম-কানুন (কমিউনিকেশন প্রটোকল) ব্যবহার করতে হবে। যদি আগে ছুটি দেয়া কিংবা অন্যত্র স্থানান্তর করা হয়, তবে স্কুলের নেতৃবৃন্দ অবশ্যই পিতামাতাদের স্বয়ংক্রিয় ফোন কল, ইমেইল, অথবা ডিস্ট্রিক্ট সতর্কীকরণের মাধ্যমে জানাবেন। চ্যান্সেলরের অনুমোদন ছাড়া শিক্ষা দিবসে কোনও পরিবর্তন অথবা আগে ছুটি দেয়ার ব্যবস্থা গ্রহণ করা যাবে না।

### d) প্রশিক্ষণ এবং অনুবর্তিতা

- স্টাফ প্রশিক্ষণ: স্কুলগুলো প্রতিবছর তাপমাত্রা সম্পর্কিত সাড়াদানের নিয়ম-কানুন পর্যালোচনা করবে।
- তাপমাত্রা পর্যবেক্ষণ করা: অত্যধিক তাপমাত্রার সতর্কবার্তার সময় স্কুলের কাস্টোডিয়াল ইঞ্জিনিয়ার উচ্চ ঝুঁকিপূর্ণ স্থানগুলোতে তাপমাত্রা পর্যবেক্ষণ করবেন এবং DSF HVAC ভেন্টিলেশন ড্যাটাবেসে সকল অভিযোগ ও তাপ প্রশমনের প্রচেষ্টা রেকর্ড করবেন।
- অবহিতকরণ: স্কুলগুলি অবশ্যই OORS-এ তাপমাত্রা-সম্পর্কিত ঘটনাসমূহ নথিভুক্ত এবং প্রতিবেদন রাখবে এবং তাদের ডিস্ট্রিক্ট অফিস, সুপারিনটেনডেন্টের মনোনিত EOC, এবং/অথবা EOC-কে 718-233-8515 নম্বরে, অথবা EOC@schools.nyc.gov ঠিকানায় ইমেইলের মাধ্যমে জানাবে।

### e) পর্যালোচনা এবং হালনাগাদকরণ

এই নীতিটি প্রতিবছর পর্যালোচনা করতে হবে এবং প্রয়োজন অনুযায়ী, উত্তম পন্থা এবং বিধানগত পরিবর্তন প্রতিফলিত করতে পর্যালোচনা করা হবে।

## 11 - সেল ফোন এবং ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার সংক্রান্ত নীতি

~~**উপরিচিত্র**~~

~~2025-26 শিক্ষা বছরের শুরু থেকে,~~ নিউ ইয়র্ক স্টেটের আইন অনুযায়ী, ~~নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS)~~DOE-এর স্কুলে সেল ফোন সহ ব্যক্তিগত ইন্টারনেট-~~সক্ষম~~সক্ষমতাযুক্ত বিভিন্ন ইলেক্ট্রনিক ~~ডিভাইসগুলোর~~ডিভাইস ব্যবহার ~~সম্পর্কিত~~সংক্রান্ত একটি নীতি ~~হালনাগাদ করছে, এতে অন্তর্ভুক্ত স্কুলে সেল ফোন ব্যবহার।~~রয়েছে। এই পরিবর্তন স্টেটে বিঘ্নহীন স্কুলগুলো তৈরর প্রয়াশে সহায়তা করে এবং এর লক্ষ্য হলো সকল ~~NYCPS~~DOE স্কুলব্যাপী নিরাপদ এবং অভিনিবেশযুক্ত শিক্ষা পরিবেশ নিশ্চিত করা। হালনাগাদকৃত নীতির অধীনে, চ্যান্সেলরের প্রবিধান A-413 অনুযায়ী, শিক্ষার্থীরা পুরো স্কুল দিবস জুড়ে, উভয় শিক্ষা-নির্দেশনার সময় এবং শিক্ষা-নির্দেশনা বহির্ভূত সময়ে, স্কুল প্রাঙ্গণে (স্কুল প্রাঙ্গণের অভ্যন্তরীণ এবং বাহ্যিক স্থানে) ব্যক্তিগত ইন্টারনেট-সক্ষম ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহারে অনুমোদিত নয়। এই ডিভাইসগুলির মধ্যে অন্তর্ভুক্ত সেল ফোন, ল্যাপটপ, ট্যাবলেট, এবং বহনযোগ্য মিউজিক ও এন্টারটেইনমেন্ট সিস্টেমসমূহ। এই নীতি ল্যাপটপ এবং ক্রোমবুক-এর মতো স্কুল-ইস্যুকৃত ডিভাইসসমূহের লক্ষ্যস্থিরকৃত উদ্দেশ্যে ব্যবহারে বিধি-নিষেধ আরোপ করে না। শিক্ষার্থীরা তাদের DOE ইস্যুকৃত ডিভাইসগুলো ক্লাসওয়ার্ক এবং ~~অন্য~~ স্কুলের অভ্যন্তরে অন্যান্য অ্যাসাইনমেন্টের জন্য ~~তাদের NYCPS-ইস্যুকৃত ডিভাইসগুলি ব্যবহার করা~~ অব্যাহত রাখতে ~~পারবে। প্রিন্সিপাল/তার দায়িত্বে নিয়োজিত ব্যক্তির অনুমোদন দ্বারা শিক্ষার্থীরা তাদের ব্যক্তিগত ইলেক্ট্রনিক ডিভাইসসমূহ ব্যবহারও করতে পারবে; নির্দিষ্ট কোনো বিস্তারিতের জন্য অনুগ্রহ করে আপনার স্কুলের ডিভাইস নীতি দেখুন।~~সক্ষম হবে।

প্রতিটি স্কুল অবশ্যই চ্যান্সলরের ~~প্রবিধানের~~প্রবিধান A-413-এর সাথে সামঞ্জস্য রেখে ইলেক্ট্রনিক ডিভাইসের ব্যবহার সম্পর্কিত নিজস্ব লিখিত নীতিমালা তৈরি করবে। এই নিয়মগুলো শিক্ষা বছরের শুরুতে অথবা ভর্তির পর পিতামাতা এবং শিক্ষার্থীদেরকে জানানো হবে। যেসব স্কুল একটি ক্যাম্পাস শেয়ার করে সেগুলোর নেতৃবৃন্দ তারা ঐ ক্যাম্পাসের সকল স্কুল অনুসরণ করবে এমন একটি সামঞ্জস্যপূর্ণ সম্মিলিত নীতিমালা তৈরি করবে। পিতামাতাদের যত্নসহকারে এইসব নীতি পর্যালোচনা করা এবং তাদের সন্তান যেন স্কুলে ব্যক্তিগত ইলেক্ট্রনিক ডিভাইস সম্পর্কিত নির্দিষ্ট নিয়ম-কানুন এবং প্রক্রিয়াগুলি বোঝে সেবিষয়টি নিশ্চিত করা উচিত, এতে অন্তর্ভুক্ত তাদের ডিভাইসগুলি কোথায় এবং কীভাবে নিরাপদভাবে রাখবে।

### ব্যতিক্রম:

- শিক্ষার্থীরা অবশ্যই যেকোনো ইন্টারনেট-সক্ষম ডিভাইস ব্যবহারের অনুমোদন পাবে যদি সেটি ~~ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (~~IEP~~)~~ অথবা 504 প্ল্যান দ্বারা আবশ্যক হয়।
- ~~শুধুমাত্র~~ স্কুল নেতৃবৃন্দ দ্বারা অনুমোদিত হবার পর ~~ডিভাইসগুলো~~ডিভাইস ব্যবহার করা ~~যাবে~~যেতে পারে:
  - যদি প্রিন্সিপাল/নিয়োজিত ব্যক্তি দ্বারা কোনও সুনির্দিষ্ট শিক্ষাগত উদ্দেশ্যে~~, শিক্ষক দ্বারা নির্দেশনা অনুযায়ী এবং স্কুল নেতৃবৃন্দ দ্বারা অনুমোদন সাপেক্ষে।~~ অনুমোদিত হয়;
  - স্বাস্থ্যগত সমস্যাযুক্ত শিক্ষার্থীদের দ্বারা নিজেদেরকে পর্যবেক্ষণ করতে যখন ইলেক্ট্রনিক ডিভাইসের আবশ্যক হয়, যেমন ডায়াবেটিসের জন্য গ্লুকোজ মনিটর। এই ধরনের ক্ষেত্রে, যথাযথ অনুমোদন এবং ব্যবহার নিশ্চিত করতে পিতামাতাদের স্কুলকে

জানানো এবং যেকোনো প্রয়োজনীয় অনুমোদন প্রদান করা উচিত।

- ~~অনুবাদ পরিষেবার ক্ষেত্রে, যেসকল শিক্ষার্থীর ভাষাগত সহায়তা প্রয়োজন যা তাদের স্কুল বর্তমানে প্রদান করছে না তাদেরকে সহায়তা করার জন্য।~~
- অনুবাদ এবং দোভাষী পরিষেবাসমুহের জন্য যদি অনুবাদ বা দোভাষী সেবার অন্য কোনও উপায় লভ্য না হয়।
- শিক্ষার্থীকে লালন-পালনকারী দ্বারা, স্বতন্ত্র বিবেচনার ভিত্তিতে। একজন শিক্ষার্থীকে লালন-পালনকারীর জন্য যিনি নিয়মিত পরিবারের একজন সদস্যের যত্ন এবং দেখাশোনার দায়িত্ব পালন করছে তার কোনও ব্যতিক্রম অনুমোদন করা হবে কিনা তা একজন স্কুল সাইকোলজিস্ট, স্কুলের সোশ্যাল ওয়ার্কার, অথবা স্কুলের কাউন্সেলর পর্যালোচনা এবং নির্ধারণ করবেন।
- স্বতন্ত্র জরুরি পরিস্থিতিসমূহে, যেখানে পিতামাতা জরুরি পরিস্থিতির সুনির্দিষ্ট অবস্থা সম্পর্কে স্কুলের নেতৃবৃন্দকে অবহিত করেছেন।
- যেখানে অন্যথায় আইন দ্বারা আবশ্যক। এটি এমন পরিস্থিতিসমূহ অন্তর্ভুক্ত করে যেখানে ফেডারেল, স্টেট, অথবা স্থানীয় আইন দ্বারা কোনও সুনির্দিষ্ট উদ্দেশ্যে এই ধরনের ডিভাইসসমূহ ব্যবহার বাধ্যতামূলক করে।

### জরুরি পরিস্থিতি ব্যবস্থাপনা:

স্কুলগুলো অবশ্যই পিতমাতাদেরকে জরুরি পরিস্থিতিতে তাদের সন্তানের সাথে যোগাযোগ করতে ন্যূনতম একটি পদ্ধতি প্রদান করবে, এতে অন্তর্ভুক্ত স্কুলের সাথে সরাসরি যোগাযোগ করার ফোন নম্বর। পিতামাতাগণ নিজেদেরকে এইসব যোগাযোগের পদ্ধতির সাথে পরিচিত ~~করবে~~করা এবং ~~এটি নিশ্চিত করবে যে~~ তাদের স্কুলের ~~জন্য তাদের কাছে~~ সাথে যোগাযোগের প্রয়োজনীয় ~~যোগাযোগের~~ তথ্য ~~রয়েছে।~~তাদের কাছে আছে তা নিশ্চিত করা উচিত। স্কুলে কোনো জরুরি পরিস্থিতির সৃষ্টি হলে, স্কুল কতৃপক্ষ সরাসরি শিক্ষার্থীদের পরিবারের সাথে যোগাযোগ করবে।

### নীতি লঙ্ঘন:

স্কুল দিবসে যদি কোনো শিক্ষার্থী অনুমোদন ছাড়া তার ডিভাইস ব্যবহার করে, তাহলে তাকে তার স্কুলের নীতি এবং ~~NYCPS~~DOE শৃঙ্খলা বিধি অনুযায়ী ক্রমবর্ধমান শৃঙ্খলা ব্যবস্থার মুখোমুখি হতে হবে। এর অর্থ হলো এই যে, নীতি লঙ্ঘনের প্রকৃতি এবং সেটি কতবার করা হয়েছে তার ভিত্তিতে স্কুল এই আচরণের সমাধানে একটি ক্রমবর্ধমান ধারাবাহিক হস্তক্ষেপ এবং পরিণতি ব্যবহার করবে। হস্তক্ষেপসমূহের উদাহরণের মধ্যে রয়েছে শিক্ষার্থীর পিতামাতার সাথে কনফারেন্স, অথবা, যদি আচরণ যথেষ্ট পরিমাণে বিঘ্ন সৃষ্টি করে, সেক্ষেত্রে ক্লাসরুম থেকে অপসারণ। শিক্ষার্থীদেরকে শুধুমাত্র ব্যক্তিগত ইন্টারনেট-সক্ষম ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহারের মতো স্কুলের নীতি লঙ্ঘনের কারণে সাসপেনশন করা যাবে না।

## 12 - 'দেশা'-এর (Desha) আইন: হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধের মতো ঘটনায় প্রক্রিয়াসমূহ এবং অটোমেটেড এক্সটার্নাল ডিফিব্রিলেটর-এর (AED) সরঞ্জাম এবং বিল্ডিংয়ের সাড়াদান পরিকল্পনা

### ~~উপরিচিত্র~~

2025-26 ~~শিক্ষা বছর থেকে শুরু করে, নিউ ইয়র্ক স্টেট (দেশা-এর আইন - হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ সম্পর্কিত জরুরি সাড়াদানের পরিকল্পনাসমূহ) অনুযায়ী~~ সকল স্কুল ডিস্ট্রিক্ট অবশ্যই ~~স্টেট আইন যা~~ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ ~~প্রক্রিয়াসমূহ~~হওয়ার প্রক্রিয়ার এবং অটোমেটেড ~~এক্সটারনাল~~এক্সটার্নাল ডিফিব্রিলেটর (AED) সরঞ্জাম সম্পর্কিত স্টেটের আইনের শর্তাবলী পূরণ করবে। এগুলোতে অন্তর্ভুক্ত বিল্ডিং স্তরে জরুরি পরিস্থিতিতে সাড়াদানের পরিকল্পনায় হঠাৎ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে যাওয়ার ক্ষেত্রে নীতি এবং প্রক্রিয়া এবং ডিস্ট্রিক্ট-ভিত্তিক স্কুলের নিরাপত্তা পরিকল্পনায় AED সরঞ্জাম সম্পর্কিত তথ্য, AED রক্ষাণাবেক্ষণ এবং সাইন, এবং হৃদযন্ত্র জনিত জরুরি পরিস্থিতিতে সাড়াদানে স্কুলের নিরাপত্তা প্রশিক্ষণ দৃশ্যমান আবশ্যক করে। এই তথ্যগুলো সকল স্কুল বিল্ডিংয়ের নিরাপত্তা পরিকল্পনায় বর্তমানে দৃশ্যমান এবং প্রতিবছর প্রত্যেকটি বিল্ডিংয়ে স্কুল সেফটি কমিটি দ্বারা পর্যালোচিত হয়।

এই শর্তাবলী, শিক্ষা আইন § 2801-a(2)(n)-এ এখন যেমনভাবে বর্ণিত, তা হলো:

- কোনও স্কুলের মালিকানাধীন বা স্কুল কর্তৃক পরিচালিত বা স্কুল আয়োজিত অনুষ্ঠানের একটি স্থানে, এতে অন্তর্ভুক্ত সকল খেলাধুলার প্রোগ্রাম তবে এতেই সীমাবদ্ধ নয়, কোনো ব্যক্তির হঠাৎ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধের বা সেইরকম জীবন-সংশয়ের জরুরি পরিস্থিতির অভিজ্ঞতা হলে সেই ঘটনায় সাড়া দিতে যথাযথ কর্মী ব্যবহার করা।
  - বর্তমানে, সকল স্কুল বিল্ডিংয়ে, স্কুল টিম CPR/AED -এ প্রশিক্ষিত, এতে অন্তর্ভুক্ত:
    - 2 জন DOE কর্মী (কমপক্ষে এবং একজনকে অবশ্যই বিল্ডিং রেসপন্স টিমে অন্তর্ভুক্ত হতে হবে)
    - সকল পাবলিক স্কুল অ্যাথলেটিক লিগ কোচ (যেখানে প্রযোজ্য)
    - স্কুলের নার্স
    - সকল স্কুল সেফটি এজেন্ট

- আফটার-স্কুল প্রোগ্রাম কর্তৃক নিয়োজিত বাছাইকৃত কর্মী।

- স্কুল প্রাঙ্গণের কোনো নির্দিষ্ট স্থানে যখন কোনো খেলাধুলার অনুশীলন অথবা অনুষ্ঠানে যোগদান কিংবা অংশগ্রহণের সময় যদি কোনো ব্যক্তির হঠাৎ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধের মতো ঘটনা অথবা সেরকম কোনো জীবন-সংশয়ের মতো জরুরি পরিস্থিতির সম্মুখীন ব্যক্তির জন্য সুনির্দিষ্ট প্রক্রিয়াসমূহ।
  - **কোড ব্লু** সাড়াদানের পরিকল্পনাসমূহ প্রতিটি বিল্ডিং সেফটি পরিকল্পনায় বিস্তারিতভাবে উল্লেখ করা আছে এবং প্রতিটি বিল্ডিংয়ে এটি মহড়া দেয়া হয়
- জাতীয়ভাবে স্বীকৃত, প্রমাণ-ভিত্তিক মূল উপাদানসমূহ অন্তর্ভুক্তি, যেমন, যেগুলো আমেরিকান হার্ট অ্যাসোসিয়েশন দ্বারা সুপারিশকৃত।
  - CPR/AED সাড়াদানকারী হিসেবে শনাক্তকৃত সকল স্কুল কর্মীদেরকে প্রশিক্ষণ দানের জন্য দায়বদ্ধ এককভাবে চুক্তিভুক্ত ভেন্ডর দ্বারা প্রদান করা। এই উদ্যোগটি NYCDOE অফিস অভ স্কুল হেলথ্ ব্যবস্থাপনা করে।
- হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধের মতো জরুরি পরিস্থিতিতে সাড়াদান পরিকল্পনাসমূহ কীভাবে সবচেয়ে ভালোভাবে কমিউনিটি ইমার্জেন্সি মেডিক্যাল সার্ভিস-এর (EMS) সাড়াদানকারী নিয়ম-কানুনের সাথে সমন্বিত করা যায় তা বিবেচনা করা।
  - সকল হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধের মতো পরিস্থিতি 911 নম্বরে ফোন করে জানানো আবশ্যক, এবং এর পাশাপাশি NYPD স্কুল সেফটি এজেন্টের একটি অফিশিয়াল NYPD টু-ওয়ে (উভয় প্রান্তে যোগাযোগকারী) রেডিওতে একটি ইমার্জেন্সি রেসপন্স কোড সূত্রপাত করা আবশ্যক যা FDNY/EMS-এর জন্য সাড়াদান বাধ্যতামূলক হবে।

নিম্নলিখিত গুরুত্বপূর্ণ নথিপত্রগুলো DOE-এর আচরণ বিধি এবং ডিস্ট্রিক্ট-ব্যাপী স্কুলের নিরাপত্তা পরিকল্পনার (স্কুল সেফটি প্ল্যান) অংশ।

চ্যান্সেলরের প্রবিধান A-411 আচরণগত সঙ্কট হ্রাস/হস্তক্ষেপ এবং 911 নম্বরে যোগাযোগ
চ্যান্সেলরের প্রবিধান A-412 স্কুলগুলোতে নিরাপত্তা
চ্যান্সেলরের প্রবিধান A-413, স্কুলগুলোতে সেলফোন ও অন্যান্য ইলেক্ট্রনিক সামগ্রী
চ্যান্সেলরের প্রবিধান A-414 নিরাপত্তা পরিকল্পনাসমূহ
চ্যান্সেলরের প্রবিধান A-415 ডিপার্টমেন্ট অভ এডুকেশনের জরুরী পরিস্থিতিতে বিজ্ঞপ্তি প্রদানের পদ্ধতি (ইমার্জেন্সি নোটিফিকেশন সিস্টেম)
চ্যান্সেলরের প্রবিধান A-418 যৌন অপরাধী সম্পর্কে অবহিতকরণ
চ্যান্সেলরের প্রবিধান A-420 শারীরিক শাস্তি
চ্যান্সেলরের প্রবিধান A-421 মৌখিক দুর্ব্যবহার
চ্যান্সেলরের প্রবিধান A-432 তল্লাশি এবং জব্দকরণ
চ্যান্সেলরের প্রবিধান A-443 শিক্ষার্থীর শৃঙ্খলামূলক ব্যবস্থা প্রক্রিয়াসমূহ
চ্যান্সেলরের প্রবিধান A-449 নিরাপত্তাজনিত বদলি
চ্যান্সেলরের প্রবিধান A-450 অনিচ্ছাকৃত বদলির প্রক্রিয়াসমূহ
চ্যান্সেলরের প্রবিধান A-750 শিশু নিগ্রহ
চ্যান্সেলরের প্রবিধান A-755 আত্মহত্যা প্রতিরোধ/হস্তক্ষেপ
চ্যান্সেলরের প্রবিধান A-830 বেআইনি বৈষম্য/হয়রানির বিরুদ্ধে অভ্যন্তরীণ অভিযোগ দায়ের
চ্যান্সেলরের প্রবিধান A-831 সহপাঠী দ্বারা যৌন হয়রানি
চ্যান্সেলরের প্রবিধান A-832 শিক্ষার্থী-দ্বারা-শিক্ষার্থীর প্রতি বৈষম্য-ভিত্তিক হয়রানি, ভীতি-প্রদর্শন, এবং/অথবা মাস্তানি (বুলিইং)
সবার প্রতি মর্যাদা:শিক্ষার্থী-দ্বারা-শিক্ষার্থীর প্রতি বৈষম্য, যৌন এবং অন্য হয়রানি, ভীতিপ্রদর্শন, মাস্তানি বা বুলিং প্রতিরোধ এবং ব্যবস্থা গ্রহণ
DOE, NYPD এবং সিটি অভ নিউ ইয়র্কের মাঝে সংশোধিত MOU
শিক্ষার্থীর শিক্ষা অর্জনে সহায়তা দিতে সিটিব্যাপী আচরণগত প্রত্যাশাসমূহ (শৃঙ্খলা বিধি K-5 গ্রেড)
শিক্ষার্থীর শিক্ষা অর্জনে সহায়তা দিতে সিটিব্যাপী আচরণগত প্রত্যাশাসমূহ (শৃঙ্খলা বিধি 6-12 গ্রেড)
পিতামাতার অধিকার ও দায়বদ্ধতার সনদ
স্কুলের নিরাপত্তা এবং জরুরি পরিস্থিতির জন্য প্রস্তুতি বিষয়ক পিতামাতার গাইড  ইন্টারনেটের গ্রহণযোগ্য ব্যবহার এবং নিরাপত্তা বিষয়ক নীতি
12 এবং তার কম বয়সী শিক্ষার্থীদের জন্য সোশ্যাল মিডিয়া সংক্রান্ত পথ-নির্দেশনা
13 বছরের বেশি বয়সী শিক্ষার্থীদের জন্য সোশ্যাল মিডিয়া সংক্রান্ত পথ-নির্দেশনা
ACS - প্যারেন্ট হ্যান্ডবুক (nyc.gov)